এখন দেখা যাক বই আমাদের কিরূপে পড়া উচিত। বই পড়ার আগে আমাদের মনটা যেন খুব লড়ায়ে বা খুব মিতালী মিশুকে হয়ে না উঠে। অর্থাৎ গ্রন্থকার যা বলবেন তার প্রতিবাদ করবার জন্ত, বা তার দোষ ধরবার জন্যই যেন না পড়ি। অথবা তিনি যা বলবেন তা সত্য বলে বেদের সঙ্গে তুলনা করে, মাথায় তুলে না রাখি—তা হলে সে জিনিষ আমাদের মাথাতেই তোলা থাকবে তা আর আমাদের বুকের কাছে আসবে না। বই পড়ার সঙ্গে সঙ্গে আমরা যেন প্রত্যেক কথা ওজন ও যাচাই করে নিই। কিন্তু ওজন ও যাচাইয়ের মাঝে বিক্রেতার সঙ্গে বেশী বাদ প্রতিবাদ বা বেশী হ্রগতা করলে ওজনের পাল্লার একদিক ঝুঁকে পড়বার সম্ভাবনা আছে। আর সে ঝুঁকে পড়ায় আমাদের ক্ষতি বিস্তর—তাতে আমরা সত্যকার জ্ঞান না পেয়ে একটা ছুঁই ও বিপরীত জ্ঞান লাভ করতে পারি।

আবার সব বই একই ভাবে পড়তে হয় না। খাত্তের সঙ্গে বইয়ের একটা সামঞ্জস্য আছে। খাত্ত আমাদের দৈহিক ও বই আমাদের মানসিক পরিপুষ্টির সহায়তা করে। সুতরাং ভোজনের যেমন বিবিধ ব্যবস্থা আছে, সেই রবম বই পড়ারও বিবিধ উপায় ও ব্যবস্থা আছে। কতকগুলি বই আমাদের শুধু আশ্বাসন করতে হয় অর্থাৎ তাদের আংশিক ভাবে পড়তে হয়। কতকগুলিকে আমাদের গিলে খেতে হয়—অর্থাৎ তাদের পড়তে হলে আমাদের বেশী মনোযোগ দেবার দরকার হয় না। আবার কতকগুলিকে চিবিয়ে হজম করতে হয়—অর্থাৎ তাদের ওপর আধিপত্য বিস্তার করতে হলে বেশী মনোযোগের, অধ্যবসায়ের ও পরিশ্রমের প্রয়োজন। কতকগুলি বই অন্য লোকের দ্বারা পড়া চলে অর্থাৎ অন্যে যে সব টীকা-টিপ্পনী উদ্ধৃত করে

দেন তাই পড়া চলে। এরকম পড়া শুধু অল্প দরকারী বই পড়বার সময় চলে—ভাল বই বা classics এ চলে না। কারণ এই সব “ছাকা” বই (যে বইয়ের সারটুকু আমাদের সামনে ধরা হয়) ছাকা জলেরই মত নিঃস্বাস্ হয় ও তার মিষ্টত্ব নষ্ট হয়।

তারপর পড়া, লেখা ও তর্কের মাঝে তিনটি পৃথক গণ্ডী আছে। পড়াতে মানুষ সব খবর রাখতে পারে—তার মনটা পৃথিবীর যাবতীয় সংবাদেই ভাঁড়ান হয় ও সে বহু জ্ঞান লাভ করে। তর্ক বা আলোচনায় মানুষ চতুরতা ও কথাবার্তায় দক্ষতা লাভ করে। আর লেখাতে মানুষ সূক্ষ্ম হয়—পড়া বা আলোচনার সময় যে কথা বাদ যায় তা লেখার সময় ধরা পড়ে ও লেখাতে তার সংশোধন হয় ও বিষয়গুলি মনের মধ্যে গেঁথে যায়। সুতরাং মানুষ অল্প লিখে যদি জ্ঞানী হতে চায় ত’ তাকে বেশী মনে রাখতে হবে বা তার স্মরণ-শক্তি প্রখর হওয়া দরকার। যদি সে অল্প আলোচনা ক’রে চতুর হতে চায় ত’ তাকে উপস্থিত বুদ্ধি ও প্রত্যুৎপন্নমতিত্ব লাভ করতে হবে। আর যদি অল্প পড়ে বিদ্বান হতে চায় তা হলে তার বুদ্ধির তীক্ষ্ণতা থাকা দরকার—যাতে সে সমস্ত জিনিষ সহজে বুঝতে পারে। সুতরাং পড়া, লেখা বা আলোচনার মাঝে অল্প রেখে জ্ঞানী তারাই হতে পারে—যাদের এই সব দৈব গুণ বিদ্যমান।

তারপরে দেখা যাক কোন্ বই আমাদের কিরূপ উন্নতি করে। ইতিহাস মানুষকে জ্ঞানী করে—জাতি ও মানুষের “ওঠা-পড়ার” তথ্য দান কোরে। কবিতা মানুষের কল্পনাশক্তি বৃদ্ধি করে, অদৃশ্যস্ত সূক্ষ্ম বিচারশক্তি দান ক’রে—অর্থাৎ অদৃশ্যস্তে জ্ঞান লাভ করলে প্রতি বিষয়ের সূক্ষ্ম বিচার করতে পারা যায়। বিজ্ঞান শাস্ত্রের জ্ঞানে আমাদের, বিষয়ের গভীর জ্ঞান লাভ হয়, সে বিষয় আমরা বেশ ভাল করেই লিখি।

পূর্বেই বলা হয়েছে যে ইহা আমাদের চরিত্রের ও অভ্যাসের গঠনে ও সংশোধনে সাহায্য করে। বুদ্ধির মধ্যে এমন বিকার বা গলদ থাকতে পারে না, যা পড়াতে সংশোধিত না হয়। আমাদের মনের মাঝে যা কিছু গলদই থাকুক না কেন, তা পড়াতে নিশ্চয়ই সারবে। মনের রোগ সারাতে হলে বই পড়ার ‘Exercise’ করতে হবে। আর সে “Exercise”ই হচ্ছে এ রোগের প্রধান ও শ্রেষ্ঠ ওষুধ। আবার রোগ যেমন ভিন্ন হয় তেমনি “Exercise” বা ওষুধও ভিন্ন হয়। কারণ যদি বুদ্ধির স্বেচ্ছা ও মনের একাগ্রতা না থাকে ত’ তিনি অদৃশ্যস্ত শিক্ষা করুন। অদৃশ্যস্ত পড়লে মনের একাগ্রতা জন্মায়—আর এই মনের একাগ্রতা ভাল বই পড়বার সময় বিশেষ দরকার হয়। যদি কেউ

প্রত্যেক বিষয়ের পার্থক্য বুঝতে না পারেন ত' তিনি তর্কশাস্ত্র অধ্যয়ন করুন। আর 'যদি কেউ কোন বিষয় প্রমাণ করবার সময় অল্প বিষয়ের অবতারণা করতে না পারেন ত' তিনি উকীলের দলিল মনোযোগের সঙ্গে পড়ুন।

সুতরাং দেখা যাচ্ছে যে মনের রোগ সারাতে হলে বই পড়াই হচ্ছে আমাদের শ্রেষ্ঠ ঔষধ।

কোজাগরী

শ্রীঅমরেন্দ্রনাথ ঘোষ

(দ্বিতীয় বার্ষিক শ্রেণী)

যৌবন সুরা উছলি পড়িছে বিশ্ব হৃদয় 'পরে
দেওদার বীধি পুলক মগন, জ্যোৎস্না মহয়া ঝরে।

কুঞ্জ ভবনে আজি,

সিন্ধু চুহিতা ইন্দিরা মা'র নূপুর উঠিছে বাজি।'
মায়ের পরাণে যে সুখ জাগিছে কণিকা তাহার ঝরি'
নিখিল বিশ্ব প্লাবনের শ্রোতে ওই যে উঠিল ভরি।'

উদাস নয়ন তুলি'

পথের কাহিনী রূপের নেশায় পথিক গিয়াছে তুলি'।
শামল বিটপী কি ব্যথা জানায় ভাষার অতীত সুরে
সে সুর আজিকে লুটিয়া পড়িছে নিখিল আকাশ জুড়ে।
কাহার লাগিয়া সে সুর রচনা কে বোঝে তাহার ব্যথা,—
স্বর্ণলতারে চুপে চুপে একি আহত প্রাণের কথা ?

কিছুই বুঝি না ভাই

এমনি মধুর সচেত জীবন হৃদয়ে ধরিতে চাই।
মরুভূমি আজি ভুলেছে যাতনা বিশ্ব মানব সাথে
অভিশাপ ভরি হৃদয় তাহার শীতল আজি এ রাতে।
বালুকা বসন মানে না শাসন, হাওয়ায় উছলি ভাসে,
কোন সাগরের নীলাভার মোহ অঙ্কিত নীলাকাশে।

গহন কাননে স্বপন লেগেছে স্নদুরে লেগেছে মায়া
অটবী আড়ালে তটিনীর জলে পড়েছে চাঁদের ছায়া ।

রূপের পিয়ামী ওরে

নীরব নিশীথে নেশার পেয়ালা নিবি না কি তুই ভ'রে ?

সঙ্কলন

(বিমানবীর কর্ণেল লিওবার্গ)

শ্রীমতীরঞ্জন বন্দ্যোপাধ্যায়

বিখ্যাত বিমানবীর কর্ণেল লিওবার্গের নাম বোধ হয় আজ কাহারও অবিদিত নাই, কিন্তু সারা বিশ্বের মানবজাতির নিকট হইতে তিনি যে কিরূপ বিরাট অভিনন্দন লাভ করিয়াছেন, তাহার ধারণা বোধ হয় অনেকেই করিতে পারেন নাই। উহারই কিঞ্চিৎ আভাস আমি এখানে দিতেছি। ২১শে মে হইতে ১৬ই জুন এই ২৬ দিনে তাঁহার কাছে চিঠি আসিয়াছে ৩৫,০০,০০০, টেলিগ্রাম ১০০,০০০, আর নানাবিধ উপহারপূর্ণ প্যাকেট আসিয়াছে ১৪,০০০। এরূপ অভূতপূর্ব সম্বন্ধনার কথা পূর্বে কেহ কল্পনাও করিতে পারিত না।

সমস্ত ইউরোপের আশীষবাণী মাথায় লইয়া তিনি যখন আমেরিকায় ফিরিয়া আসিলেন তখন তেরটি বড় বড় মালগাড়ীতেও তাঁহার সমস্ত চিঠি ও পার্শেল প্রভৃতির স্থান সঙ্কলন হয় নাই। কিন্তু ইহা সত্বেও এই তরুণ বিমানবীরের মনে প্রথমাবধি প্রত্যেক চিঠির স্বতন্ত্র উত্তর দিবার যে প্রবল ইচ্ছা জাগিয়াছিল, তাহা দমন করাইতে বিশেষজ্ঞদিগের অনেক কষ্ট ভোগ করিতে হইয়াছে। তাঁহারা বলেন যে এই সমস্ত চিঠির উত্তর দিতে একজন সুদক্ষ লেখকের অন্ততঃ সত্তর বৎসর সময় লাগিবে। লিওবার্গের এই চিঠিগুলি যদি শুধু একটির পর একটি লম্বালম্বি ভাবে সাজাইয়া যাওয়া যায় তাহা হইলে “নিউইয়র্ক” হইতে “ডেনভার” (প্রায় ১৪০০ মাইল) পর্য্যন্ত এই চিঠির শ্রেণী বিস্তৃত রহিবে। আর যদি তাঁহার সমস্ত পার্শেল ও চিঠিগুলি শুধু পর পর, একটির উপর একটি এই ভাবে সাজান যায় তাহা হইলে উহাদের উচ্চতা হইবে প্রায় ১০,০০০ ফিট, প্রায় আমাদের শিমলা পাহাড়ের সমান। শতাধিক কেরানী দিবারাত্র এই সকল পত্রাদির পাঠোদ্ধার করিতে নিযুক্ত রহিয়াছে। এই সব

চিঠিগুলি নানা শ্রেণীতে বিভক্ত করা হইতেছে। ইহাদের প্রতি ছত্রে ছত্রে, উচ্ছ্বাস, আনন্দ, দারিদ্র্য, ছঃখ, হিংসা, ছলনা প্রভৃতি বহু বিভিন্ন মনোভাবের পরিচয় পাওয়া যায়—একত্রে মানব চরিত্রের একরূপ বিভিন্ন বিকাশ সচরাচর দেখিতে পাওয়া যায় না। এই সব চিঠির ভিতর অভিনন্দন ও শুভাশীষের বার্তা বহন করিয়া যেগুলি আসিয়াছে, তাহাদের সংখ্যাই সর্বাপেক্ষা অধিক। সবগুলির ভাবই প্রায় একরূপ, যেমন—“Dear Colonel Lindburgh, we are so happy you got there. May God bless and keep you for your mother and for us.” এই রকম সহস্র সহস্র।

তাহার পরেই সংখ্যায় অধিক হইতেছে সাহায্যের আবেদন। পুরাতন বন্ধুত্ব, আত্মীয়তা প্রভৃতির দোহাই দিয়া সে সব এতই করুণ ভাবায় লেখা যে, তাহা পড়িলে অশ্রু সংবরণ করা যায় না। কনাগার গ্রীন, যিনি এই সব চিঠির অনেকগুলি নিজে পড়িয়াছেন ও “Popular science” পত্রিকায় একটি এই বিষয়ে প্রবন্ধ লিখিয়াছেন, তিনি বলেন :—“I believe there was not a single man or woman of the hundreds that worked on Lindburgh's mail, who did not shed many tears. So plainly grievous were many cases, that it shocked us, as I know it would have shocked Lindburgh, to realize that there was such abject misery in this rich country of ours.” এই উপলক্ষে লিওবার্গের নামে রচিত প্রায় ৫০০০ কবিতা প্রেরিত হইয়াছে, এবং পত্রের উত্তর দিবার জন্ত যে সব টিকিট আসিয়াছে তাহাদের মোট মূল্য প্রায় ১০,০০০ ডলার। প্রায় ৪০০ লিওবার্গ উপাধিধারী ব্যক্তি তাহাদিগের নিকটতর সম্বন্ধের দোহাই দিয়া সাহায্যের আবেদন করিয়াছে।

তাহার পরেই অধিক সংখ্যক চিঠিগুলি আসিয়াছে লিওবার্গের নিকট এক কল্পনাভীত সৌভাগ্যের বার্তা বহন করিয়া। ইহার অর্ধেকের বেশী আসিয়াছে বড় বড় চলচ্চিত্র কোম্পানীর নিকট হইতে। এক কোম্পানী তাঁহাকে একটি বহিতে নায়কের অংশ লইবার জন্ত পাঁচলক্ষ ডলার দিতে স্বীকৃত হইয়াছে। ইউরোপ হইতে এক ধনকুবের বলিয়াছেন যে লিওবার্গ যদি একলা বিমান যোগে সমগ্র পৃথিবী ভ্রমণ করিতে স্বীকৃত হন, তাহা হইলে তিনি তাঁহাকে ২৫০০,০০০ ডলার পারিশ্রমিক দিতে রাজী আছেন। সর্বাপেক্ষা সহজ অনুরোধ বোধহয় একটি “talking machine” যুক্ত ক্যামেরার সম্মুখে দাঁড়াইয়া, ৪০ মিনিট তাঁহার ভ্রমণ সম্বন্ধে কিছু গল্প করা এবং ইহার জন্ত সামান্য

কিছু পারিশ্রমিক হইতেছে দুই লক্ষ চল্লিশ হাজার ডলার মাত্র। এই রকম ছোটখাট অনুরোধ যে কত আছে তাহার ইয়ত্তা নাই।

তৎপরে বিবাহের আবেদন। কর্ণেল লিণ্ডবার্গ স্বপুরুষ এবং যুবক, কাজেই ইহাতে বিশেষ আশ্চর্য্য হইবার কিছুই নাই। শত শত সুন্দরী যুবতী তাঁহাদের চিত্রাদি সহ অতুল ধনরাশি লইয়া লিণ্ডবার্গের নিকট বিবাহের আবেদন লইয়া উপস্থিত হইয়াছেন।

কিন্তু সর্ব্বাপেক্ষা যে জিনিষটা আমাদের বিস্মিত করে সেটা হইতেছে, লিণ্ডবার্গের হাশুমুখে এই সকল মোহকারী অনুরোধ প্রত্যাখ্যান করা। তিনি দৃঢ় কণ্ঠে ঘোষণা করিয়াছেন “বিমানের উন্নতি সাধনই আমার জীবনের ব্রত এবং সেই কার্য্যেই আমি আমার জীবন উৎসর্গ করিব, কিন্তু তাহার বিনিময়ে অস্তরের গোপন কোণে লাভেচ্ছা বহন করিয়া, আমার এই মহান্ কর্তব্যকে লোকচক্ষে হীন করা আমার ইচ্ছা নহে।” স্বাধীন দেশের বীর পুরুষের উপযুক্ত এই কথা।

অবশেষে বর্ত্তমান আমেরিকা বিজ্ঞানের কতদূর উন্নতি সাধন করিয়াছে, সেই বিষয়ে কিছু উল্লেখ করিয়া আমি আমার এই প্রবন্ধ সমাপ্ত করিব। নূতন আবিষ্কারের কথা লইয়া যে সব চিঠি লিণ্ডবার্গের নিকট আসিয়াছে, সেগুলি পড়িলে এতই আশ্চর্য্য হইতে হয়, যে কম্যাণ্ডার গ্রীনের ভাষায় “If only one thousandth of the inventions proposed to Lindburgh, ultimately turn out to be useful, transportation, communication industry, and hygiene in America will be revolutionized in the next five years”

এত বিবিধ উন্নত ধরণের বিমানপোতের কথা এই সকল চিঠিতে পাওয়া গিয়াছে, যে তাহাতে বোধ হয়, যে বিমান পোতের উন্নতির পরিপূর্ণতা লাভের আর বড় বেশী দেরী নাই। ইহা ছাড়াও অল্প নানারূপ বৈজ্ঞানিক আবিষ্কারের সংবাদ এইসব চিঠির ভিতর পাওয়া গিয়াছে। তাহাদের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রধান হইতেছে মঙ্গলগ্রহের সহিত সংবাদ আদানপ্রদান, এবং হাউইয়ে (rocket) চড়িয়া পৃথিবী হইতে চন্দ্রলোকে গমনের প্রচেষ্টা।

আমরা পরাধীন জাতি এই সকল উচ্চ চিন্তা আমরা কল্পনাই করিতে পারি না, কিন্তু তবুও যখন এই সব বিবরণ পড়ি, তখন নিজেদের অস্তিত্ব আমরা ভুলিয়া যাই, তখন মনে করি, এই কর্ম্মী-বিশ্বের আমরাও একটি অংশ, এক কল্পিত ভবিষ্যতের রঙ্গীন স্বপ্ন আমাদের বিভোর করিয়া তুলে, জানি না এ স্বপ্ন কখনও সত্য হইবে কি না।

২। “টেলিভিসান”

বিজ্ঞান আজকাল এত দ্রুতগতিতে উন্নতির দিকে অগ্রসর হইতেছে যে, কোন একটা বৈজ্ঞানিক আবিষ্কারের কল্পনা আজ কাহারও মাথায় প্রবেশ করিতে না করিতেই, পরের দিন প্রচারিত হইতেছে যে কল্যকার সে “কল্পনা” আর আজ “কল্পনা” নহে, আজ তাহা বাস্তব। এই সেদিন আমরা শুনিলাম যে আটলান্টিক মহাসাগরের এপার হইতে ওপার পর্য্যন্ত বিনা তারে টেলিফোন বসান সম্ভব হইয়াছে, সে বিষয় প্রশংসিত হইতে না হইতেই আজ আমরা, এই “টেলিফোন” কিংবা “রেডিও”র চেয়ে ঢের বেশী আশ্চর্যজনক “টেলিভিসান” আবিষ্কারের সংবাদ পাইতেছি। এবিষয়ে আমেরিকার “The World” পত্রিকা লিখিতেছেন :—

“Television was a dream but now it is a fact. In time millions of people may watch and listen to a presidential inauguration, a championship foot-ball game, or even the clash of armies in a battle field”

টেলিভিসানের অর্থ এই যে, এক যারগায় এক ব্যক্তি যেমন টেলিফোনে কথা বলেন, সেই রূপ “রিসিভারে” কথা বলিবেন, আর বহু দূরে অল্প যারগায় তাঁহার কণ্ঠস্বর শুনা যাইবে, সঙ্গে সঙ্গে একটি পর্দায় তাঁহার চিত্রটিও প্রতিফলিত হইবে।

এ বিষয়ের গবেষণা সব সভ্য দেশেই হইতেছিল, কিন্তু ইহাতে সফলকাম হইয়াছেন আমেরিকার “বেল টেলিফোন কোম্পানীর নিযুক্ত “শ্রীযুক্ত ডাক্তার আইভ্‌স্‌ মহোদয়”। ইহার প্রথম পরীক্ষা হয় “ওয়াসিংটন” হইতে “নিউইয়র্ক” পর্য্যন্ত। এই অভূতপূর্ব ব্যাপার দেখিবার জন্য উপরি উক্ত দুই স্থলেই বহু লোকের সমাগম হইয়াছিল। বেলা প্রায় আড়াইটার সময়, “আমেরিকান টেলিগ্রাফ” এবং “টেলিফোন” কোম্পানীর ভাইস-প্রেসিডেন্ট “শ্রীযুক্ত জে, জে, কার্টি” মহোদয় যেই “রিসিভারটি” লইয়া কথা বলিতে আরম্ভ করিলেন, অমনি নিকটস্থ “আর্ক-ল্যাম্প” হইতে একটি অত্যুজ্জ্বল আলোক রশ্মি তাঁহার মুখমণ্ডল উদ্ভাসিত করিয়া তুলিল। একটির পর একটি অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র আলোক বর্তুল সমূহ তাঁহার মুখমণ্ডলে পরিভ্রমণ করিতে লাগিল, কিন্তু সেই বর্তুলগুলির গতি এতই দ্রুত যে মনে হইতে লাগিল যেন একটি অপ্রতিহত নীল আলোক রশ্মি তাঁহারমুখ মণ্ডল উদ্ভাসিত করিয়া রহিয়াছে। এই আলোকবর্তুলগুলি

ঠাহার মুখমণ্ডলকে অসংখ্য বিভাগে বিভক্ত করিয়া এক একটি পৃথক বৈদ্যুতিক সংকেতের মত তারের ভিতর দিয়া “নিউইয়র্ক” অভিমুখে ধাবিত হইতে লাগিল। “নিউইয়র্কে” আবার এই সকল বর্তুলগুলি অসাধারণ গতিতে একত্রিত হইয়া একটি সম্পূর্ণ প্রতিবিম্বের সৃষ্টি করিল। মুখমণ্ডলের নানা অংশে পতিত বর্তুলগুলির উজ্জলতা সমান নহে বলিয়া, বক্তার মুখের সামান্য ভাববৈচিত্রের রেখাটুকু পর্য্যন্ত প্রতিবিম্বিত চিত্রে ধরা পড়ে। এক্ষণে কি কৌশলে এই আলোক বর্তুলগুলি বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত হইয়া কি কৌশলেই বা শত শত মাইল দূরবর্তী স্থানে পুনরায় সমভাবে সজ্জিত হইয়া সম্পূর্ণ চিত্রে পরিণত হয়, তাহা বাস্তবিকই বিস্ময়কর এবং তাহা বাংলা ভাষায় অনুবাদ করিয়া বোঝান অসুবিধা বলিয়া, আবিষ্কার্তার ভাষা অবিকল উদ্ধৃত করিয়া দিলাম :—“When the sitter takes his position in front of the Television apparatus, an arc light is turned on. Most of this light is shut off from the sitter by a disk. In the disk are a total of fifty holes and fifty spots of light travel across the sitter or the scene to be photographed, one beneath the other. Facing the sitter are three photo-electric cells. The moving spots of light are reflected from the face or the scene into these cells. These cells cause a current which constantly varies according to the characteristics of the face or the scene to be pictured. Arriving at the receiving apparatus, the current is carried to an electrical contact apparatus which is mounted on a wheel. As it revolves on this wheel, it breaks and makes contact approximately 2500 times. Each contact is made with one of 2500 wire, which are mounted on a circle in which the wheel turns. Each wire snatches a bit of electric current, or flying picture, and carries them to a square of tinfoil behind the television screen. These squares of tinfoils are arranged fifty in a row. There are fifty rows. When the bit of current or fragment of picture reaches one square of tinfoil, it makes a leap through a gas called Neon which is instantaneously illuminated by the passage of the electrical current through it. Eighteen

times a second there is a flash of Neon in front of each of the 2500 patches of tinfoil. The flash is strong or feeble according to the light or shadow on one particular part of the face or the scene. These tiny flashes occurring at the rate of about 45000 a second, build up the face on the screen." এক্ষণে এই আবিষ্কারকে কিরূপে কাজে লাগান যায় সেই বিষয়ে আমেরিকার বৈজ্ঞানিকেরা মাথা ঘামাইতেছেন।

কৃষ্ণকান্তের উইল সম্বন্ধে দুই একটি কথা

(পূর্নানুবৃত্তি)

শ্রীপ্রতাপ চন্দ্র দত্ত

(চতুর্থ বার্ষিক শ্রেণী)

এরপর আমাদের নজরে দুই দৃশ্য পড়ে—একদিকে গোবিন্দলাল রোহিণী বাইজীকে নিয়ে বিলাসিতায় ডুবে আছে, আর একদিকে ভ্রমর নিজের অরাজর্গ শরীর নিয়ে, পবিত্রতার কঙ্কাল নিয়ে মরণের পথে এগিয়ে চলেছে।

অনেকে বলেন বন্ধিমবাবু রোহিণীকে একেবারে বাইজী করে ফেলেছেন; এদের প্রণয় গোপনে হ'লে মন্দ হ'ত না। এর উত্তর দেওয়া উচিত কিনা বলতে পারি না, তবে কথাটা যখন উঠেছে তার জবাব দেওয়াও প্রয়োজন। প্রথম কথা রোহিণী যে পথের পথিক, সে ভাল করেই জানত গোবিন্দলাল ভ্রমরকে কত ভালবাসত। ভ্রমরের কাছ থেকে ছিনিয়ে রাখা কতখানি দুঃসাধ্য তা তার মত স্মৃচতুরা নারী ভাল করেই জানত। সে যে গোবিন্দলালকে ভ্রমরের কথা ভুলিয়ে রাখতে পারবে, আর গোবিন্দলাল তার প্রতিই আসক্ত হ'য়ে পড়বে, এ কথা রোহিণী কখনও কল্পনা করতে পারে না, সুতরাং গোবিন্দলালকে মায়ার লাস্ত্রে ভুলিয়ে রাখা ছাড়া ত আর কোনও উপায় নাই। সুতরাং এ বন্ধিমবাবুর স্বেচ্ছাকৃত অপরাধ নয়, বা অবৈধ প্রণয়ের মহিমা প্রকাশে দুর্বলতার পরিচয় নয়, এ হ'ল অবস্থা ও ঘটনার গুণ, এর জন্ত দায়ী, ঘটনা আর মানুষের মন। গুপ্তপ্রণয়ের মধ্যে সত্যের রূপ প্রকাশ পায় না, চরিত্রের জটিলতা, পঙ্কিলতা বেড়েই যায়, মানুষকে বোঝবার অবসর কম দেওয়া হয়; কিন্তু বোহিণী ও

গোবিন্দলালের সম্পর্কটা যখন প্রকাশ হ'য়ে পড়ল, তখন ত আর লুকোচুরি চলে না—তাই রোহিণীকে এই অবস্থায় দেখি। এ প্রকাশ যতই ক্রটিবিরুদ্ধ হো'ক না, একটা সত্য আমরা বুঝতে পারি, মানুষের অস্তরের একটা দিকের পরিচয় পাই—সত্যরূপ যতই বিসদৃশ হো'ক না কেন তা সত্য; সেইজন্য মনে হয় এ চরিত্রের মধ্যে অপ্রাকৃত স্বভাববিরুদ্ধ প্রাহেলিকা সৃজনের ব্যর্থ প্রয়াস নেই।

তারপর একটা কথা প্রায়ই শোনা যায়, বঙ্কিমবাবু অবৈধ প্রণয়ের উচ্ছেদ-সাধন জন্য সাহিত্যের মধ্যে আর্টকে বধ করেছেন। যে গোবিন্দলাল একদিন বলেছিল—মরণে কাজ নাই, সকলেই এ সংসারে কাজ করিতে আসিয়াছি; “হত্যা মহাপাপ”—সে নারীহত্যা করলে, আর তারপর যদিও বা হত্যা করলে ত এত বক্তৃতা দিবার সময় কি তার মতেব পরিবর্তন সম্ভব হ'ত না—এ হত্যার সমর্থন আমরা কিছুতেই করতে পারি না। প্রথম নজরে সতাই বঙ্কিমবাবুকে দোষী প্রতিপন্ন করবার একটা অদম্য আকাঙ্ক্ষা হয়—আমরা খুনের পক্ষপাতী একেবারেই নই; খুনের নামেই সাধারণতঃ সকলেই শিউরে উঠি, তার পার্শ্বিকতাটাই আমাদের চোখে ভেসে ওঠে, আমরা সে দৃশ্য সহ্য করতে পারি না, সেই জন্তু আমরা দোষ দিই বঙ্কিমবাবুকে—আমরা তখন মনের বিচার করি না, ঘটনা-বৈচিত্র্যের বিচার করি না, আমরা হত্যার গুরুতর অপরাধটাই সবজিনিষের চেয়ে বড় করে দেখি—এ হত্যা গোবিন্দলালের পক্ষে সমীচিন হ'য়েছে কিনা পরে বলব; তবে এক কথা বলতে পারি সাহিত্যে যে আদর্শের বাতিবেই আদর্শকে বাঁচিয়ে রাখতে হবে এমন কথা হয় ত' বঙ্কিমবাবুর মুখ্য উদ্দেশ্য নয়, কিন্তু ব্যাপারটা এনিভাবে অবস্থা বিশেষে শেষ হয়েছে যে কথাটা ঘুরে ফিরে মুখ্য বলেই মনে হয়। আমার বক্তব্য এই যে, নিশাকরের কথায় গোবিন্দলালের মনে ভ্রমরের একাগ্রতা ও অকৃত্রিম ভালবাসার পুণ্যজ্যোতি ফুটে ছিল, সে অবস্থায় তার মাথা যে যথেষ্ট গরম ও বিকৃত হ'য়েছিল, সে বিষয়ে ত' দ্বিতীয় কথা উঠতে পারে না, স্মৃতরাং মানুষের এ অবস্থায় মানসিক বিকৃতির পরিণাম যা হয় তা ব্যক্ত না ক'রে অন্য বিষয়ের অবতারণা করলে কি বঙ্কিমবাবু তাঁর কৃতিত্বের খুব পরিচয় দিতেন? মানসিক বিকৃতির শেষ পরিণতি দেখাতে গিয়ে যদি অবৈধ প্রণয়ের উচ্ছেদ সাধন হ'য়ে থাকে ত' সেটা কি বাঞ্ছনীয় নয়? মানসিক বিকৃতির পরিচয় দিতে গিয়ে গোবিন্দলালকে খুনী-আসামী করা হয়েছে,—হত্যা জিনিস অন্যায, কিন্তু আমি বুঝতে পারছি না, এর মধ্যে ন্যায অন্যাযের পার্থক্য কোথায়?

রোহিণী ভ্রমরের ওপর প্রতিশোধ নেবে বলেই প্রতিশ্রুত ছিল, এবং গোবিন্দলালের ভ্রমরের অবিশ্বাসের জন্য নিজের মানসিক উত্তেজনা ও দুর্বলতার জন্য, সামান্য রোগের চিকিৎসা করতে গিয়ে উৎকট ঔষধ গ্রহণ করবার আগ্রহ হল, সে রোহিণীর কবলে আপনাকে সঁপে দিলে। ঘটনার এমনিই প্রভাব। কিন্তু যখন নিশাকরের কথায় ভ্রমরের সেই বিদায় বেলার কথা মনে পড়ল, তখন গোবিন্দলাল বুঝল, কত বড় একটা মায়ার পেছনে সে এতদিন কাটিয়ে দিয়েছে, সেই সময়ই তার মেজাজ খারাপ হ'য়ে যায়—তারপর রোহিণী যদিও মনে করলে সে গোবিন্দলালের নিকট বিশ্বাসঘাতিনী হবে না—“কিন্তু জেয় পুরুষ দেখিলে, কোন্ নারী না জয় করে”—নাছ অনেকে ধরে, কিন্তু খায় না এইরকম তার মনের ভাব; রোহিণী নির্ভঞ্নে নিশাকরের কাছে বললে—একটু না দেখে শুনে ত' আসতে পারি না। কি জানি কে কোথা দিয়ে দেখতে পাবে।.....তারপর আবার বললে—“আমি যদি ভুলিবার লোক হইতাম, তা'হলে আমার দশা এমন হইবে কেন? একজনকে ভুলিতে না পারিয়া এদেশে আসিয়াছি, আর তোমাকে না ভুলিতে পারিয়া এখানে আসিয়াছি—

এমনি সময় গোবিন্দলাল পিছন থেকে রোহিণীর গলা টিপে ধরলে—আমরা এখানে দেখতে পাচ্ছি গোবিন্দলালের মাথার ঠিক নেই, ভয়ানক উত্তেজিত—অনেকে বলেন, মারলেই যদি, রোহিণীকে এখানেই মারা উচিত ছিল—রোহিণীকে এখানে পিছন থেকে মারলে কসাইয়ের কাজ হ'ত, আর হত্যা করাই যে উদ্দেশ্য ছিল এমন কথা ত বলা যায় না—তার মন সম্পূর্ণ বিকারগ্রস্ত, রোহিণীকে ঘরে এনে কথা বলতে বলতে সে দিক্‌বিদিক জ্ঞানশূন্য হ'য়েছিল—কেবল ভ্রমরের কথাই তার কানে বাজছিল, ছায় অছায়ের কারণ নির্ণয় করবার তার শক্তি নেই, সে উৎক্ষিপ্ত—আজ ভ্রমরের কথা প্রতি শিরায় শিরায় তার রক্তকে উত্তপ্ত, সমস্ত অঙ্গকে রঞ্জিত করে তুলছিল। নিজের সমস্ত সংযম আজ দৃগিকের তরে প্রতিশোধের পাশবিকতায় ভ'রে উঠেছে, রোহিণীর উপস্থিতি যেন তার দেহের প্রতিরুদ্ধে কাটা ঘায়ে নূন ছিটানর অসহ্য যন্ত্রণা ব'লে মনে হচ্ছিল, মেজাজের পদম পর্দায় সে রোহিণীকে পদাঘাত করলে, কিন্তু মায়ুকের যখন মাথার বিকৃতি ঘটে, তখন সে তার চরম না ক'রে যায় না; উৎক্ষিপ্ত বহ্নিতে যখন ঘৃতাছতি পড়ে তখন সে দপ্ ক'রে আবার জ্বলে, ওঠে তেমনি করেই গোবিন্দলালের মন জ্বলে উঠল, সে রোহিণীর দৃশ্য আর সহ্য করতে পারলে না, খুন করেই পালিয়ে গেল।

অনেকে বলেন এই পদাঘাতই রোহিণীর পক্ষে যথেষ্ট—কথাটা খুবই সত্য, কিন্তু গোবিন্দলালের মনের অবস্থার বিচার কর্তে গেলে, সে কথা বলা চলে না। অধিকাংশ শিক্ষক যখন ছাত্রকে বেত্রঘাত করেন, তখন একঘায়ে শানায় না, অনেক সময় তার শরীর বেয়ে রক্তের দাগ বসিয়ে ছাড়েন, সুতরাং যদি গোবিন্দলালের মানসিক অবস্থার বিচার করা হয় তাহলে বোধ হয় তার মানসিক বিকারের পরিণতির প্রতি যথেষ্ট আয় বিচার করা হয়েছে—অন্তরের পরিচয়ই ত মানবের সত্যরূপ, সেই সত্যরূপকে দাবিয়ে রেখে লাভ নেই।

তারপর সে যে মরবে বলেই দৃঢ় প্রতিজ্ঞ ছিল এমন ত নয়, তা যদি হোত তাহলে কখনই খুন করে পালাত না—এখানে ছ'একটা বাস্তব ও সেন্সপীরের ঘটনা বিবৃত করলে বোধ হয় কথাটা অপ্রাসঙ্গিক হবে না—

কথা হচ্ছে, এই কথাবার্তার মধ্যে গোবিন্দলালের মতের পরিবর্তন হওয়া উচিত ছিল কিন্তু সে ত আগে এ বিষয়ে কিছু কল্পনা করেনি, ঘটনার মধ্যে পড়ে সাময়িক উত্তেজনা ও মস্তিষ্ক বিকারের জন্যই এতটা অগ্রসর হ'তে পেরেছিল। তাহলে, Shakespeareএর Macbethএ যেখানে "Is this a dagger" বলে Macbeth Duncanকে মারবার কথা ভাবছে, সেখানে Macbeth বলছে Art thou but a dagger proceeding from the heat oppressed brain; এই যে diseased mind (বিকৃত মন) নিয়ে Duncanকে মারলে, সে বিশ্বাস কর্তে পারলে না, সত্যই Duncan মরেছে, চঞ্চল হ'য়ে উঠল, একেবারেই প্রকৃতিস্থ হ'তে পারলে না। আবার Hamletএর চরিত্রে দেখতে পাই সে Claudiusকে মারবার জন্য সে স্থির প্রতিজ্ঞ, সেইজন্তু তার মনের মধ্যে শেষ পর্যন্ত কোনও চাঞ্চল্য দেখতে পাইনা। আবার খজ্রাবাহাদুর যে হত্যা করেছিল, তার মধ্যে আনরা মনের স্থিরতা দেখতে পাই, নিজের উদ্দেশ্য সিদ্ধি দৃঢ়চিত্তে, নির্ভয়ে সম্পন্ন ক'রে বিপদের হাতে আত্মসমর্পণ করেছে; এই সব ঘটনার সূক্ষ্ম বিচার ক'রে দেখলে বলা যায় যে গোবিন্দলালের মন সম্পূর্ণ বিকৃত। এই মানসিক বিকারের পরিণতেই বন্ধিমবাবুর লেখার মধ্য দিয়ে তাঁর অসীম মনস্তত্ত্বে তাঁর অধিকারের পরিচয় দেয়।

রোহিণীর নিধন কেন দেখতে পাই সে কথাটা বলতে গিয়ে যদি চরিত্র-হীনের কিরণময়ীর কথা বলি, তা হ'লে বোধ হয় অছায় করা হবে না—

কিরণময়ী রোহিণীর মত শিক্ষিতা ও একই সূখে বঞ্চিতা। রোহিণী ভ্রমরের উপর প্রতিশোধ নেবার জন্তু, গোবিন্দলালকে পাপে ডুবিয়ে তার সর্বনাশ করলে। কিন্তু কিরণময়ী উপেন্দ্রকে ভাল বাসত, তার প্রতিশোধ নেবার জন্তু

উপেক্ষের বড় প্রিয় দিবাকরের সর্বনাশ করলে। দিবাকর কোনও নারীকে ভাল বাসেনি, সেই জন্য সে কিরণময়ীর উপর একেবারে খড়াহস্ত হতে পারেনি, কিরণময়ীকেও রোহিণীর মত ঘৃণ্য জীবনযাপন করতে হ'য়েছিল—কিন্তু দিবাকরের এমন কোনও বিপরীত প্রগাঢ় ভালবাসার আস্থান ছিল না ব'লেই সে কিরণময়ীকে ঘৃণা করতে পেরেছিল আর কোনও প্রতিশোধ নিতে পারেনি বা খড়াহস্ত হ'তে পারেনি। কিন্তু কিরণময়ী ও রোহিণী যে পথের যাত্রী, সে পথে তাদের পক্ষে আত্মহত্যা অসম্ভব, অথচ কিরণময়ী অবনতির একেবারে নিম্নে নেমে যাওয়ার ঘৃণ্য জীবন কল্পনা করতে পারত না, সেই জন্তু আমরা তাকে পাগলিনী হ'তে দেখ্‌লুম, অথচ গোবিন্দলাল প্রাণ দিয়ে ভ্রমরকে ভাল বাসত, এই ঘটনার তারতম্য হওয়াতেই রোহিণীর নিধন দেখতে পাই।

অনেকে বলেন রোহিণীর হত্যার পর গোবিন্দলাল যে ভ্রমরের কাছে যাবে এতো স্বতঃসিদ্ধ, তা আবার লেখবার কি প্রয়োজন ছিল—একথা না হয় স্বীকার করা গেল, কিন্তু জিজ্ঞাসা করি, এত বড় হত্যার পর গোবিন্দলালের মানসিক পরিচয়ে কি আমাদের কোনও প্রয়োজন নেই—আর ভ্রমর মৃত্যুশয্যায় পড়ে আছে, তার সঙ্গে মিলন নাও ত সম্ভব হতে পারে—তা হ'লে যে ভ্রমর অসতী হয়।

এই যে ভ্রমর-গোবিন্দলালের অশরীরী মিলন বা' পৃথিবীর কাছে শ্রেষ্ঠ ব'লে প্রতিপন্ন হ'য়েছে, তারই রূপ এখন আমরা দেখতে পাই—তারপর গোবিন্দলালের মানসিক অবস্থা বড় সুন্দর দেখতে পাই—যদিও সেখানে রোহিণীকে মারা উচিত হ'য়েছে কি না, এমন প্রশ্ন গোবিন্দলালের মনে কোথাও দেখতে পাই না, কিন্তু দেখতে পাই তার চারিদিক ভ্রমর-রোহিণীময় হ'য়ে উঠল—এইবার বন্ধিমবাবুর কথায় ভ্রমর ও রোহিণীর চরিত্র বলব—

‘ভ্রমর বালিকা, রোহিণী পূর্ণযৌবনা। ভ্রমর কালো, রোহিণী রূপসী। ভ্রমর সধবা, রোহিণী বিধবা। ভ্রমরের উলুবনের খড়ের মত চুল, রোহিণীর চারুবিনির্গিতা, কালভুঞ্জিনীতুল্যা, কুণ্ডলিনীকৃতা দোলায়মানা মনোমোহিনী কবরী। ভ্রমর সংসারে অনভিজ্ঞা, রোহিণী রঙ্কনে দ্রৌপদীসমা। ভ্রমর গোবিন্দলালের পরিণীতা স্ত্রী, রোহিণী অনুগৃহীতা। ভ্রমর পতিবিরহ-বিধুরা নিতাস্ত দোযশূণ্ণা বালিকা, রোহিণী পরপুরুষাসক্তা কলঙ্কিনী বিধবা যুবতী। ভ্রমর গুণবতী, রোহিণী রূপবতী। ভ্রমর অশিক্ষিতা, সতী সাধ্বী স্ত্রী, রোহিণী প্রথরবুদ্ধি-সম্পন্ন ললনা। ভ্রমর আল্লায়িতকুম্বলা, অশ্রুবিপ্লুতা বিবশা, কাতরা, বালস্বলভ-চপলা, সংযতচিত্তা, গস্তীরা, মুগ্ধা, পদপ্রান্তে বিলুপ্তিতা

সেবিকা কন্যা—রোহিণী তীব্র জ্যোতির্গয়ী অনন্তপ্রভাশালিনী, প্রভাত শুক্র তারারূপিণী রূপতরঙ্গিনী, চকলা মুখরা কামিনী। ভ্রমর কায়া, রোহিণী ছায়া—ভ্রমর কুসুম, রোহিণী কীট, ভ্রমর জগতে অতুল, চিন্তায় সুখ, স্নেহে অতৃপ্তি, হৃৎথে অমৃত, ধ্বংসুরি নিঃসৃত সুধা—রোহিণী রূপতৃফা, ভোগ, অসহ যন্ত্রণা, শিয়াকুল কাঁটা, কুসুমে কামিনী, মন্দার বর্ষণপীড়িত বাসুকী-নির্গত হলাহল—ভ্রমর অন্তরে, রোহিণী বাহিরে। ভ্রমর অপ্রাপনীয়, রোহিণী অত্যাভ্যা, তবু ভ্রমর অন্তরে, রোহিণী বাহিরে।”

এই হ'ল ভ্রমর ও রোহিণী চরিত্রের মূর্ত্ত ছবি।

বঙ্কিমবাবু বিধবা-বিবাহের প্রচলনের জন্যই বোধ হয় রোহিণীর রূপ সমাজে প্রকাশ করেছেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় আইন ক'রে যে পথের সৃষ্টি করেছিলেন, তাঁর যুক্তিকে অমূলক না ক'রে দৃঢ় করবার জন্যই পরিণত বয়সে এ কাজে হাত দিয়াছিলেন, অনেকে বলেন তিনি সমাজের বিরুদ্ধবাদী হ'য়ে লোকের অপ্রিয়-ভাজন হ'তে চান না—আমার মনে হয় কথাটা বোধ হয় ঠিক নয়, তা যদি হ'ত তাহলে বিধবার অবস্থা এত স্পষ্ট ক'রে তিনি সমাজকে দেখাতেন না—বিদ্যাসাগর মহাশয় বিধবা-বিবাহের উত্তোক্তা ছিলেন, কিন্তু বঙ্কিমবাবু তা'তে রূপ দিয়ে লোকের বহু দিনের সংস্কার যে অমূলক সেইটাই পরোক্ষে প্রতিপন্ন কর্তে চেষ্টা করেছেন। সমাজ-ভয়ই যদি তাঁর থাকত, তা হ'লে নারীহত্যা পাপ ত হিন্দু সমাজ ও হিন্দুধর্মে বিশেষ সূখ্যাতির কাজ নয়, লোক লজ্জা আছে, ভবিষ্যতে নরক ভোগ আছে—এর ভয়ও তো বড় কম নয়—সুতরাং তাঁর মত পুরুষসিংহের প্রতি এ উক্তি খাটে না।

বঙ্কিমবাবুর কৃষ্ণকান্তের উইলের পরিবর্তন আমরা চাই না, সে জাতীয় উইল হিসাবেই সাহিত্যের কোর্টে মূল্যবান হ'য়ে থাকবে—যেমন আছে তেমনই থাক তাঁর প্রতিভার অক্ষয়কীর্ত্তিস্বরূপ—আমরা আমাদের বিবাদ নিয়ে থাকি, ভবিষ্যতে যারা আসবে তারা তাদের মত নিয়ে থাক, কিন্তু 'বন্দেমাতরমের' ঋষি বঙ্কিমের প্রতিভা চির উজ্জ্বল, অগ্নান থাকবে। যতদিন বাংলা ভাষা থাকবে, বঙ্গ সাহিত্যের অস্তিত্ব ধরাতল থেকে একেবারে বিলুপ্ত হ'য়ে না যাবে ততদিন 'আমাদের বঙ্কিম' ব'লে নিজেদের সম্মানিত ও গৌরবাঘিত মনে করব। *

* খেয়ালী সত্বে দ্বিতীয় বর্ষের একাদশ অধিবেশনে পঠিত।

কাজ ও ছুটি

শ্রীধরেন্দ্রনাথ ভট্টাচার্য্য

(দ্বিতীয় বার্ষিক শ্রেণী) ।

পৃথিবীতে দিনের পর দিন দুইটা জিনিষ অনবরতই দৃষ্টিগোচর হয়—সে দুইটির একটি কর্ম ও অপরটি অবসর। সূর্যোদয় হইতে আরম্ভ করিয়া সূর্যাস্ত পর্য্যন্ত যে সময়টুকু আমরা বহির্জগতের সংস্রবে থাকি, তখন দেখি যে, প্রত্যেক মানবই—কেবল মানব কেন—পশুপক্ষী জীবজন্তু এমন কি ক্ষুদ্র পিপীলিকাটীও স্ব স্ব কার্যে ইতস্ততঃ বিচরণ করিতেছে—আবার কেহ কেহ বা কর্মক্রান্ত দেহ লইয়া কিঞ্চিৎ বিশ্রামস্থল উপলব্ধি করিতেছে।

কিন্তু কথা হইতেছে যে এই দুইটির মধ্যে কোনটা শ্রেয়ঃ ও বাঞ্ছনীয়। এ বিষয়ের মীমাংসা হইতে পারে না, কখনও হইবে কিনা সন্দেহ। কারণ, বিজ্ঞানের সহিত সাহিত্যের যেরূপ সম্বন্ধ, আলোকের পাশ্বে অন্ধকারের যেমন প্রয়োজনীয়তা, ঠিক তদ্রূপ বা ততোধিক এই দুইটি এরূপ নিত্যসংশ্লিষ্ট যে একটিকে পৃথক্ করিয়া অপরটির সম্বন্ধে যথার্থ ধারণা করা অসম্ভব। উভয়ই প্রয়োজনীয়, উভয়ই কাম্য। কর্ম যেমন একদিকে মানবকে স্বাস্থ্যবান্ ও সবল করিয়া তোলে তেমন আবার অন্য দিকে বিশ্রাম, অবসর সমুদায় শ্রান্তি ও ক্লান্তির অপনোদন করিয়া তাহার অবসন্নচিত্তকে নূতন উদ্যমে পুনরায় কর্মে নিযুক্ত হইতে উৎসাহিত করে।

কিন্তু আমরা প্রায়ই “ছুটি বা অবসর” শব্দটির অপপ্রয়োগ হইতে দেখি। তজ্জন্য সাধারণের নিকট ইহার যথার্থ উপলব্ধি দুর্বেদ্য হইয়া উঠিতেছে। অনেকে মনে করেন যে ছুটি বলিতে, কর্মহীন জীবনকেই বুঝায়। কিন্তু এই ধারণা সম্পূর্ণ ভ্রমাত্মক। কর্মহীন জীবনযাপন অবসর উপভোগ করা নহে, পক্ষান্তরে উহা আলস্যের নামান্তর মাত্র। বস্তুতঃ কার্যের অভাবই বিশ্রাম নহে। সেরূপ বিশ্রাম মনের ভার বা মানসিক অশান্তির কিছুমাত্র লাঘব ত করিতেই পারে না বরং তাহা মনকে আরও ক্লিন্ন বা অবসন্ন করে।

এরূপ কর্মহীন বিশ্রাম কখনও সুফলপ্রদ বা স্পৃহনীয় হইতে পারে না। কতদিন মানব আপনাকে এরূপ অনন্ত অবসরের মধ্যে নিমগ্ন রাখিতে পারে? গ্রীক প্রাচীন-কাহিনীতে হার্কিউলিস্ প্রভৃতির এমন দৃষ্টান্ত আমরা পাই যেখানে নিরবচ্ছিন্ন বিশ্রাম মানবকে এরূপ উত্যক্ত করিয়া তুলিয়াছিল যে তাহারা সে বিশ্রামের স্থল পরিত্যাগ করিয়া বিপদসঙ্কুল কার্যে স্বেচ্ছায় সানন্দে

ছুটিয়া গিয়াছিল। অতএব এ শ্রেণীর অবসর কখনও চিরকাম্য হয় না। কিন্তু অবসর—প্রকৃত অবসর বলিতে যাহা বুঝায় তাহা মানবের নিকট বাস্তবিকই এক বিশিষ্ট সম্পদ। ক্রমাগত কর্ম করিতে করিতে মানবের শক্তিসামর্থ্যের হ্রাস হয়। তাহার চিত্তপ্রফুল্লতা দূরে যায়—প্রকৃতি রুদ্ধ হইয়া উঠে। তখন তাহার দ্বারা জগতের বা নিজেদের কোনও প্রকার উন্নতি সাধন সুদূরপর্যন্ত হইয়া উঠে। বক্তৃত্তা-প্রসঙ্গে স্মার জগদীশ বসু একবার এই সুপরিচিত সত্যটী স্মরণ করাইয়া দিয়াছিলেন যে “The sum total of energy stored in us is constant”। কিন্তু ততক্ষণই শক্তির অভাব হয় না যতক্ষণ পর্য্যন্ত বিশ্বাম আমাদের কর্মক্ষেত্রে ব্যয়িত শক্তির পরিপূরণ করে। বিখ্যাত যোদ্ধা ডিউক অব ওয়েলিংটন একবার বিলাতের Eton college-এর ছাত্রদিগকে খুব উৎসাহের সহিত ক্রীড়াক্ষেত্রে যোগদান করিতে দেখিয়া অত্যন্ত প্রীতিভরে বলিয়াছিলেন—“It was here that the battle of Waterloo was won.” কথাটী বেশ ভাবিয়া দেখিলে উহা যে কতদূর সত্য তাহা বুঝা যায়।

অতএব বেশ দেখা যাইতেছে যে প্রকৃত অবসর বলিতে যাহা বুঝায় তাহা নিতান্ত প্রয়োজনীয়, আর কার্যই তাহার জনক স্বরূপ। মানুষ ইচ্ছায় হউক বা অনিচ্ছায় হউক কর্মকে দূরে ঠেলিয়া রাখিতে পারে না। অত্যন্ত সুখী ব্যক্তিও নিরবচ্ছিন্ন নিঃসর্গতাজনিত অবসাদের হাত হইতে রক্ষা পাইবার জন্য কর্ম করিতে বাধ্য হয়। কিন্তু অনেক স্থলেই দেখা যায় যে তাহার স্বভাবগত কর্ম-স্পৃহনীয়তাই তাহাকে কর্মক্ষেত্রে লইয়া যায়। কর্মে এই প্রবৃত্তি মানব-হৃদয়ে ঈশ্বর প্রদত্ত। এই স্বাভাবিক প্রবৃত্তি রোধ করা মনুষ্য-ক্ষমতার বহির্ভূত।

পৃথিবীতে মানবের একমাত্র “পেশাই” হইতেছে—কাজ আর কাজ। এই কার্যই মানবের একমাত্র লক্ষ্য বা উদ্দেশ্য যেজন্য মানব তাহার সমস্ত বৃত্তিগুলিকে উন্মুখ করিয়া রাখে। মানব চরিত্রে যতপ্রকার উন্নতি সম্ভবপর—কার্যই তাহার একমাত্র সোপান। ইহাই মানবের স্বর্গা-রোহণের পথকে সহজ ও সরল করিয়া তোলে। বস্তুতঃ মানব যখন স্মৃতিকাগৃহে এই বিশাল পৃথিবীতে ভূমিষ্ঠ হইল তখন তাহার সেই প্রথম জন্মনক্ষত্রের মধ্য দিয়াই তাহার “হাসিকান্নায়” ভরা জীবনব্যাপী কর্মজীবনের সূচনা হইল। এই যে বিশাল পৃথিবী ইহা একটা বিরাট কর্মক্ষেত্র। ঈশ্বরের সৃষ্ট যাবতীয় জীব এখানে কেবল কর্মই করিতে আসিয়াছে। আর ইহাদের মধ্যে শ্রেষ্ঠ জীব

মানব—সেই মানবকে যে ভগবান্ কেবল বিশ্রাম-সুখ উপভোগ করিবার নিমিত্ত এই বিশাল পৃথিবীতে প্রেরণ করিয়াছেন তাহা অসম্ভব। অবশ্যই তাঁহার নির্দেশ এই যে এই শ্রেষ্ঠ জীব স্বীয় বুদ্ধিবলে নৈপুণ্যসহকারে ক্রমে ক্রমে নিজের আত্মোন্নতির পথে অগ্রসর হউক। সুতরাং যে তাঁহার এই আদেশ মস্তকে ধারণ করিয়া আপনার কর্তব্যকর্ম করিয়া যায়—তাহার উপর শ্রাবণের ধারার মত তাঁহার অজস্র আশীষ বর্ষিত হয়। পক্ষান্তরে যে ব্যক্তি আলস্যে কালাতিপাত করে সে নিশ্চিতই তাঁহার আদেশ অমান্য করিয়া দুঃখ ভোগ করে।

পৃথিবীতে একশ্রেণীর লোকের বাস—যাঁহারা ঘোর অদৃষ্টবাদী। তাঁহাদের ধারণা যে অদৃষ্টে যদি সুখ না থাকে তবে সহস্র চেষ্টায়ও উন্নতি সম্ভবপর নহে। সুতরাং বৃথা কর্মের দ্বারা শরীর ও মনকে উত্ত্যক্ত করিয়া তুলিতে একান্ত অনিচ্ছুক হইয়া, সমস্তই অদৃষ্টের উপর অর্পণ করিয়া তাঁহারা বসিয়া থাকেন এবং অতি ধৈর্য্যসহকারে অপেক্ষা করেন, কখন সৌভাগ্য সহসা আসিয়া তাঁহাদিগকে রাজ্যেশ্বর করিয়া দিবে;—ইহাই নাম “আকাশে অট্টালিকা নির্মাণ করা।” এই সম্প্রদায়ের লোকের দ্বারা কোনও প্রকার কল্যাণ সাধিত হয় না; পরন্তু সমাজে যতপ্রকার অনিষ্ট ঘটে—ইহাই তাহার মূল কারণ। ইহাদের কার্য্যই হইতেছে, পরের ছিদ্ৰ অনুসন্ধান করা ও কুৎসা রটনা করা। এইরূপ চিত্তবৃত্তি-সম্পন্ন মানব যখন স্বীয় সমকক্ষ বা অপেক্ষাকৃত হীনাবস্থার কোন লোককে উন্নত হইতে দেখে তখন মাৎসর্য্য আসিয়া তাঁহাদের হৃদয়ের উপর বেশ একাধিপত্য বিস্তার করে। কিন্তু বড়ই আশ্চর্য্যের বিষয়—তাঁহারা একবারও ভাবিয়া দেখেন না যে অবস্থার উন্নতির জন্য লোকটিকে কিরূপ অক্লান্ত পরিশ্রম করিতে হইয়াছিল। তাঁহারা তখন ভুলিয়া যান যে সুখ বা উন্নতি কাহারও ব্যক্তিগত সম্পত্তি নহে, উহা অন্তর্জগতের ও বহির্জগতের চতুর্দিকেই বিক্ষিপ্ত অবস্থায় রহিয়াছে—কর্মের দ্বারা ও অধ্যবসায়ের দ্বারা মানব মাত্রই উহা করান ও করিতে পারেন। বোধ হয় এইরূপ কর্মত্যাগী অলস সম্প্রদায় অপেক্ষা দুঃখী আর কেহই নাই। যে ব্যক্তি চন্দ্রে কলঙ্ক, কুম্ভে কীট ও কমলে কণ্টক ব্যতীত অপর কিছুই দেখিতে পায় না অর্থাৎ দোষ দর্শনই যাহার ব্যবসায় এবং যে সর্বদাই কর্মকুষ্ঠ, তাহার তুলনায় সামান্য পর্ণকুটার বাগী দরিদ্র কৃষকও শতগুণ মানসিক সুখের অধিকারী।

আর এক সম্প্রদায় আছে—সেটা ধনী সম্প্রদায়। তাঁহাদের ধারণা, কার্য্য বা পরিশ্রম দরিদ্রেরই পক্ষে প্রয়োজনীয়, কারণ, তাহাদিগকে পরিশ্রমলব্ধ

অর্থ দ্বারা অন্নসংস্থান করিতে হয়। কিন্তু কিছুদিন আমোদ আছাদে অত্যধিক পরিমাণে রত থাকিয়া শেষে স্বাস্থ্য ত নষ্ট হয়ই অধিকন্তু তখন জীবনে অবলম্বন করিবার মত কোনও উদ্দেশ্য না থাকায়, সময় তাঁহাদের নিকট দুর্বল হইয়া পড়ে।

সুতরাং কর্মহীন জীবন যে কিরূপ ভয়াবহ ও দুর্ভর তাহা এই দুই সম্প্রদায় হইতে বেশ বুঝিতে পারা যায়।

কতিপয় মোক্ষাভিলাষী সাধু ব্যতীত পৃথিবীর প্রায় সমুদয় মানবই অল্পাধিক পরিমাণে পার্থিব সুখ পাইবার জন্য লালায়িত। কিন্তু সাধুর চরন-কাম্য মোক্ষ-সুখ বা সাধরণের নিত্যকাম্য পার্থিব-সুখ ত আর বর্ষার বারিধারা, দিনমানের সূর্যালোক বা রজনীর অন্ধকার নহে যে উহার জন্য চেষ্টা করি বা না করি আপনা হইতেই আসিবে। পক্ষান্তরে স্মরণ রাখা উচিত যে সুখ আমাদের অনুষ্ঠিত কর্তব্য কর্মের ফলাফল মাত্র।

তারপর যশ ও সম্মানের দিক্ দিয়া বিচার করিতে গেলেও কর্মের প্রয়োজনীয়তা একান্তভাবে অনুভূত হয়। ক্ষুদ্র রঙ্গমঞ্চে অভিনেতা যেমন স্বীয় ভূমিকা সুন্দররূপে অভিনয় করিয়া মুগ্ধ দর্শকগণের প্রশংসাদৃষ্টি আকর্ষণ করেন, তদ্রূপ মানবও যদি কর্মক্ষেত্রে আপনার নির্দিষ্ট কর্তব্যকর্ম সুসম্পাদিত করিতে পারে তাহা হইলে 'সেও অতুল যশঃ ও সম্মানের অধিকারী হইতে পারে, সন্দেহ নাই। কিন্তু কর্ম ব্যতীত ইহা লাভ করা অসম্ভব। দরিদ্র বলিয়া আমাদের হতাশ হইবার কারণ নাই। আজ যদি আমরা দৃঢ় বিশ্বাস লইয়া সমস্ত বাধা বিঘ্ন ছিন্ন করিয়া কর্মক্ষেত্রে অবতীর্ণ হইতে পারি তাহা হইলে আমাদের গৌরব অর্জনের পথ কে রোধ করিতে পারে? জাতিগত বা সনাতনগত সংস্কারের প্রয়োজন কি? কেবল নিজ ব্যক্তিগত সংস্কার করিতে পারিলেই কি যথেষ্ট হয় না?

পূর্বেই বলা হইয়াছে মানবদেহ ধারণের উদ্দেশ্য নিরুপ্ততা বা আলস্য নহে—পক্ষান্তরে তাহার কর্মই একমাত্র উদ্দেশ্য। কি গৃহী, কি সন্ন্যাসী, সকলেরই নিকট কর্ম সমভাবে প্রয়োজনীয়। কর্ম না হইলে গৃহীর জীবিকা-নির্বাহের উপায় হয় না—কর্ম না হইলে সন্ন্যাসীরও মোক্ষলাভের পথ প্রশস্ত হয় না। কেন না কর্মদ্বারা জ্ঞানোদয়—জ্ঞানদ্বারা মোক্ষলাভ। কিন্তু এই জ্ঞানোদয় হঠাৎ একনিমিত্তে হয় না। আমরা জীবনসংগ্রামের মধ্যে মানব অগ্নে অগ্নে অভিজ্ঞতা লাভ করিতে থাকে কিন্তু অসীম জ্ঞানের তুলনায় এই অভিজ্ঞতার পরিমাণ নিতান্তই অল্প। যতই বর্ধিত পিপাসা লইয়া জ্ঞানী

তাঁহার জ্ঞানের শেষ সীমা আবিষ্কার করিতে কৰ্মপথে অগ্রসর হন, ততই তিনি দেখেন যে মরুভূমিতে পান্থবিমোহিনী আশাময়ী মরীচিকাবৎ জ্ঞানসীমা ক্রমাগতই দূরে চলিয়া যাইতেছে। সুতরাং জ্ঞানের শেষ সীমায় সহজে পৌঁছিতে যখন কাহারও সাধ্য নাই এবং জ্ঞানসীমা প্রাপ্তি পর্য্যন্ত কৰ্মের যখন নিবৃত্তি নাই, তখন মহসা কৰ্ম হইতে নিবৃত্ত হইবার চেষ্টা করা কি বাস্তবিকই মুর্থতার কার্য্য নহে? আমাদের জীবনের অস্তিত্ব কতটুকু? জীবনের পর জীবন—যত জীবনই আমরা যাপন করি—অনন্তকালের তুলনায় তাহার পরিমাণ কতটুকু? সুতরাং আমাদের দৈনিক জীবনের মূর্ত্তের পর মূর্ত্তগুলি কৰ্মের দ্বারা উজ্জ্বল করাই উচিত, না কৰ্মহীন অসত্যতার মধ্য দিয়া উহাদিগকে মরীচিকাগ্রস্থ হইতে দেওয়া উচিত? মানব এই বিশাল পৃথিবীতে আসে ছুদিনের জন্ম—আবার কৰ্ম-শেষে চলিয়া যায়। কিন্তু সে রাখিয়া যায় তাহার মূর্ত্তের পর মূর্ত্তের সংকার্য্যকলাপের স্থায়ী কীর্তির রেখা। যতদিন ভাষার প্রচার থাকে—যতদিন সভ্যতার মূলোচ্ছেদ না হয়—ততদিন তাহার কীর্তি-কাহিনী তাহাকে অমর করিয়া রাখে। অতএব অন্তের পথকামী যোগী বা কীর্তির গৌরবকামী মানব—কার্য্য ও विश্রাম এই দুইটির মধ্যে কোনটি বাছিয়া লইবে তাহা বোধ হয় বলিয়া বুঝাইবার প্রয়োজন নাই।

সংকৰ্মের দ্বারা কৰ্মী যে কেবল আপন উন্নতি সাধন করিয়া থাকেন তাহা নহে; তিনি কৰ্ম করিয়া যান—কিন্তু তাঁহার জ্ঞাতসারেই হউক বা অগোচরেই হউক, সমস্ত জগৎবাসী তাঁহার কৰ্ম দ্বারা লাভবান হয়। তাঁহার দৃষ্টান্ত আরও শত শত প্রকৃত কৰ্মীর সৃষ্টি করে—কত হতাশ প্রাণকে নিরাশার সূচিভেদে অন্ধকার হইতে আশার দীপ্তি আলোকে লইয়া আসে।

অতএব যে কৰ্ম আমাদিগকে অজ্ঞানের গাঢ় অন্ধকার হইতে জ্ঞানের জ্যোতির্শয় পথে অগ্রসর করে, যে কৰ্ম আমাদিগকে সুখ-শান্তি যশঃ মন্যমানের অধিকারী করে—যে কৰ্ম আমাদের প্রকৃত विश্রাম প্রদানে সমর্থ—সেই কৰ্মে যেন আমরা কখনও ক্লান্ত বা ক্লান্ত না হই। জগদীশ্বরের নিকট আমাদের একমাত্র প্রার্থনা, আমরা যেন জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত—বার্দ্ধক্যের দুর্বলতাকে মানসিক বলে দলিত করিয়া কৰ্মে প্রবৃত্ত থাকিতে পারি। আমাদের অবসর যেন এক কৰ্মে ক্লান্ত দেহ বা মনকে কৰ্মাস্তরে নিয়োজিত হইবার সুখ হইতে বঞ্চিত না করে। আমাদের কাজ ও ছুটি দুইএরই মধ্যে যেন আমরা আমাদের সমাজ, আমাদের দেশ, আমাদের ভাষা, আমাদের আত্মসম্মানকে গৌরবান্বিত এবং সুপ্রতিষ্ঠিত করিতে পারি। নববর্ষের প্রথম

দিবসে ভগবানের নিকট এই আশীর্বাদ ভিক্ষা করি। এস, আমরা সমস্বরে বলি,— বন্দেমাतरम्।

চোর

শ্রীসত্যেন্দ্রনাথ জানা

(তৃতীয় বাহ্যিক শ্রেণী)

চোর বল করে ওগো

কে গো হেথা চোর নয় ?

চুরি করা বল করে

চুরি করা করে কয় ?

গোপনেতে কেড়ে নিলে

যদি চুরি করা হয়—

তবে বল এ জগতে

আর সাধু কে বা র'য় ?

সাধু বল যারে তুমি

সে যে ওগো বড় চোর,

জান কিরে তা'র দোরে

বাঁধা কার হৃদি-ডোর।

ফুল-মধু চোরা অলি—

বায়ু লুঠে বাস তার,

কেন আসে প্রজাপতি

জুটে তার চারিধার ?

উষালোক করি চুরি

লাজে রাগা, ফোটা ফুল,

মধুচোরা চুপি চুপি

বলে, “বঁধু মুখ তুল।”

“কুছ কুছ” ডাকে পিক্
 একি কড্ডু তার গান ?
 চুরি করা বুলি এ যে—
 এ যে ওগো হৃদিতান ।
 চুপি চুপি শরতের
 মধুময়ী জ্যোত্নায়,—
 বুক মাঝে চুরি করা
 চাঁদে লয়ে নদী ধায়,
 আকাশের নিলীমায়
 চুরি কারো যায় প্রাণ,
 পথ-ভোলা হয় কেবা
 শুনি কোন্ বাঁশী তান,
 সকলের সেরা চোর
 ননী চোরা নাম তার
 হৃদি-চোরা ছিল সে যে
 রাজা হ’ল মধুরার ।
 তাই আমি চাই ওগো
 চুরি করে দাও দেখা,
 ক্ষণিকের চুরি নয়
 চিরতরে ওগো সখা ।

প্রাচীন-বঙ্গভাষা

(পূর্বাংশপ্রকাশিতের পর)

(৩)

—শ্রীচৈতন্য-পূর্বভাষা—

শ্রীপরেশচন্দ্র সামন্ত

(চতুর্থ বার্ষিক শ্রেণী)

পূর্বেই উক্ত হইয়াছে যে, ধর্মকলহে ভাষার যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। ঐ ধর্মকলহের একমাত্র অবলম্বন ছিল কয়েকটি মাত্র সংস্কৃত গ্রন্থ। এক্ষণে দেখা যাউক সংস্কৃত লিখিত ধর্মগ্রন্থ ব্যতিরেকে অন্য কোন গ্রন্থ বঙ্গ ভাষাকে উন্নত সোপানে স্থাপিত করিয়া গিয়াছিল কি না? এই প্রশ্ন সমালোচনার পূর্বে উক্ত সময়ের লোকের নৈতিক জীবন সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করা যাউক। কারণ যে সমস্ত গ্রন্থের বিষয় আলোচনা করিতে যাইতেছি তাহাদের সহিত বাঙ্গালী জীবনের একটা সম্বন্ধ বিজড়িত আছে।

মানবের যষ্টির প্রয়োজন হয় কখন? যখন সে শারিরিক দুর্বলতা অনুভব করে। যে শরীরে মানসিক দুর্বলতা প্রবেশ করিয়াছে সেখানে উৎসাহের প্রয়োজন যাহা হউক মোটামুটি বোঝা যাইতেছে যে যেখানে দুর্বলতা সেখানে অবলম্বন চাই; নচেৎ মানুষ বাঁচিতে পারে না। যে সময়ের কথা উল্লেখ করিতেছি ঐ সময়ে বাঙ্গালীচরিত্রের দৃঢ়তা, সাহস ও বিশ্বাসের বাঁধ ভাঙ্গিয়া গিয়াছিল। তাহাদের প্রত্যেক কার্যে পরনির্ভরশীলতার আভাস প্রকাশ পাইত। শিশুদিগের রক্ষার জন্য চিন্তিত মাতা কিংবা মাতামহীর দুর্বলতা সূত্রে যষ্টি কল্পিত হইলেন। বিপদ নিবারণার্থ ও আর্থিক অবস্থার উন্নতিকল্পে ও রোগ মুক্তির জন্য চণ্ডিকা, হরি, শীতলা, মন্সা, বেহুলা, প্রভৃতি কল্পিত দেবদেবীরা দুর্বলের সহায়রূপে উপনীত হইলেন। কল্পিত দেবদেবীর ত আবির্ভাব হইল কিন্তু তাহাদের পূজা ও আরধনা ত চাই? শীতলা মাহাত্ম্য, মন্সার ভাসান প্রভৃতি হেয়ালির ছড়া হিন্দুর ঘরে ঘরে ভরিয়া গেল। কিন্তু এই আবর্জনা মাহাত্ম্য সর্বপ্রথম আদর্শ বাঙ্গালী গৃহের অন্তঃপুরবাসিনীদের চিত্ত অধিকার করিল। তাহারা যে স্বভাবতঃ বড় দুর্বল। তাহাদের প্রাণটা যে বড় কোমল। তাই তাহারা এই দুর্দিনে স্বামী ও পুত্রের মঙ্গলের জন্য ঐ

কল্পিত দেবদেবীর ঘোড়শোপচারে পূজায় নিযুক্ত হইল। এমন কি 'হেঁয়ালি' ও নানাবিধ ছড়া তাহাদের মুখে মুখে শুনা যাইতে লাগিল। তবে এই বিকৃত ছড়া ও হেঁয়ালিতে যে ভাষার শ্রীবৃদ্ধি হইয়াছিল তাহা বলিতে পারিব না কারণ নানারূপ অপ্রচলিত গ্রাম্যকথা ও অনেক অরচিত শব্দ বঙ্গভাষায় প্রক্ষিপ্ত হইয়াছিল। কিন্তু ইহা স্বীকার করিতে হইবে যে উহাদের দ্বারা সাহিত্যের ভাণ্ডার যথেষ্ট বৃদ্ধি পাইয়াছিল। কারণ এই লৌকিক ধর্ম শাখাও বঙ্গভাষা ও সাহিত্যে একটা বিপ্লব আনা য়ন করিয়াছিল বলিতে হইবে। তৎকালীন হেঁয়ালী ও ছড়ার দুইটী নমুনা নিম্নে প্রদত্ত হইল।—

(১)

‘মনেতে ভাবিতেছ কানি অন্তরীক্ষে বৈরয়া ।
সাহস যতপি থাকে কই আগু হৈয়া ॥
মোর মন্দ করি যদি সারিবার পার ।
তবে কেন কঁানা আঁখির ঔষধ না কর ॥’

—‘(বিজয়গুপ্ত)’—

(২)

‘সনকা কাঁদিয়া দেয় বেহুলাকে গালি ।
সিঁতার সিন্দুর তোর না পড়িল কালী ॥
পরিধান বস্ত্রে তোর না পড়িল মলি ।
পায়ের আলতা তোর না পড়িল ধূলি ॥
খণ্ডকপালিনী বেহুলা চিরুণী দাতী ।
বিবাহ দিনে খাইলি পতি না পোহাতে রাতি ॥’

—‘(ক্ষেমানন্দ)’—

কানাহরি দত্ত, বিজয় গুপ্ত, নারায়ণ দেব, ও কবি জনার্দন প্রভৃতি কবিগণ এই লৌকিক ধর্মশাখার শ্রীবৃদ্ধির জন্য মনুমাদেবীর গীত প্রভৃতি তৎকালীন অদরশীয় ও মহামূল্য পুস্তক রচনা করিয়াছিলেন। উহাদের ভাষা কিঞ্চিৎ মার্জিত হইলেও উহাতে তৎকালীন প্রাদেশিক গ্রাম্য শব্দের প্রাধান্য যথেষ্ট ছিল। বিজয় গুপ্তের পদ্মপুরাণের ভাষা কানাহরি দত্ত প্রভৃতি কবিগণের ভাষা আধুনিক ভাষা হিসাবে অনেকটা মার্জিত বলা যাইতে পারে। পদ্মপুরাণ হইতে নিম্নলিখিত অংশটা উদ্ধৃত হইল ;—

‘উত্তরে অর্জুন রাজা প্রতাপেতে যম ।

মূল্য ক ফতেজাবাদ বঙ্গে বোড়াতক সৌম ॥

পশ্চিমে ঘাঘরা নদী পূর্বে ঘণ্টেশ্বর ।

মধ্যে ফুলশ্রী গ্রাম পঞ্জিত নগর ॥'

আমরা এতদূর পর্য্যন্ত যাহা আলোচনা করিয়াছি তাহা হইতে মোটামুটি এই পর্য্যন্ত জানা যাইতেছে যে কানাহরি দত্ত হইতে তাহার পূর্ব কবিগণ কেবলমাত্র যাহা অকাট্য সত্য, যাহা ইতিহাসের সহিত সম্বন্ধ বিজড়িত তাহা স্ব স্ব ভাষায় আপনাদের কৃত্ত্ব দেখাইয়া গিয়াছেন। উক্ত কবিগণের নিকট হইতে যাহা পাইয়াছি উহা ত প্রাণহীন কৰ্কশ ভাষা। যেরূপ ভাষায় কবিতা লিখিত হইলে তাহা শ্রবণ মাত্র কখন' আমাদের প্রাণটি মাতিয়া নাচিয়া উঠে, কখন' বা হৃদয় বেদনাক্রান্ত হইয়া গুম্‌রি গুম্‌রি কাঁদিয়া উঠে, কখন' বা নিজেদের অস্তিত্ব বিস্মৃত হইয়া ভাষাদত্ত কবিতার স্তমধুর সুরে লীন হইয়া যাই এরূপ ভাষা এ পর্য্যন্ত পাইয়াছি কি ?

এই প্রসঙ্গে চণ্ডীদাস, গোবিন্দদাস, রামি ও বিদ্যাপতি এই চারিটি প্রেমিক কবির প্রেমবন্যার কথা মনে জাগিয়া উঠে। এই চারিটি বৈষ্ণব কবি প্রেমের নিকাম মাধুর্য্য মধুর প্রাণমাতান ভাষায় বর্ণনা করিয়া প্রাচীন বঙ্গভাষা ও সাহিত্যের পবিত্রতার সুধাধারা প্রবাহিত করিয়া দিয়াছেন। তাঁহাদের লিখিত ভাষার যেন প্রাণ আছে; ঐ ভাষা যেন, নিভূতে প্রেমমূর্ত্তি ধারণ করিয়া আমাদের প্রেমের বিনিময় চায়। ঐ ভাষা যেন বলিতে চায়—পার্শ্বিক সত্যের গণ্ডি পার হইয়াছি ভয় কি? চিন্তা কি? এস না প্রকৃতিআহত পার্শ্বিক আধিপত্যের দৃষ্টির বাহিরে প্রকৃতির কোন এক নিভূত কোণে দেহ বর্জিত প্রাণটার মিলন করিয়া লই। উহারা যে কিরূপ সৌন্দর্য্যের জগৎ সৃষ্টি করিয়া ছিলেন, কিরূপ যে প্রেমের বন্যায় দেশ প্রাবিত করিয়া দিয়াছিলেন তাহা উহাদের লিখিত ভাষার লালিত্য, মাধুর্য্য ও ভাব দেখিলেই আমরা সহজেই অনুমান করিয়া লইতে পারি।

চণ্ডীদাসের লেখা হইতে যেন প্রেম স্বরিয়া পড়ে। ইনি প্রেমময় একজন সাধক কবি। রাধাই ইহার প্রেমবন্যার অবলম্বন এবং রাধার ভিতর দিয়াই প্রেমের ভাব ফুটাইয়া তুলিয়াছেন। তিনি স্তমধুর ভাষার সাহায্যে প্রেমের বিহ্বলতা, কত বিনয়, কত অহ্নয়, ক্রোধ প্রভৃতি প্রেমের অভিব্যক্তি ফুটাইয়া তুলিয়াছেন।

“কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে, তাহাতে নাহিক দুখ,
বধু তোমার লাগিয়া, কলঙ্কের হার, তোমায় পরিতে সুখ ॥

সতী বা অসতী, তোমার বিদিত, ভালমন্দ নাহি জানি ।

কহে চণ্ডীদাস পাপ-পুণ্যময় তোমার চরণখানি” ॥

যে সময়ে চণ্ডীদাস বীণার রাগিণীতে নিজের কাব্যভাব ফুটাইয়া তুলিতে ছিলেন ঠিক সেই সময়েই আর একজন স্বভাব কবি তাহার প্রতিদ্বন্দীর কাব্য-প্রভা নিষ্প্রভ করিবার জন্ত নূতন স্বরের স্বষ্কার তুলিয়া জগতের দৃষ্টিশক্তি আকর্ষণ করিবার চেষ্টা করিতেছিলেন । বিদ্যাপতির কবিত্বশক্তি ঈশ্বরপ্রদত্ত । তিনি ভগবৎ কৃপার সঙ্গে স্বীয় পাণ্ডিত্য ও শিক্ষার যোগ করিয়াছিলেন । তাহার মত সুন্দর অলঙ্কারে চক্ষু লইয়া কেহ প্রকৃতির দিকে একরূপ অর্ধপূর্ণ দৃষ্টিপাত করিতে পারেন নাই । একটি সুন্দর চিত্র দেখিলেই পৃথিবীর নানা রূপের ছবি স্পষ্টভাবে মনে ভাসিয়া উঠিত, তাই তাহার উপমাগুলি এত সুন্দর । তাহার উপমার সংখ্যা নাই, উপমা ভিন্ন কথা নাই । প্রকৃতির প্রত্যেক অঙ্গই তাহার নিকট কত সুন্দর ! প্রত্যেক অঙ্গ হইতেই যেন সুন্দর ভাব বরিয়া পড়িতেছে । ইনি প্রকৃতই ভালবাসার সাধক । উপমা ও সরস ভাবের জন্ত বঙ্গভাষা ও সাহিত্য ইহার নিকট চিরঞ্জলী । এখানে ইহার ভাবের একটু নমুনা দেখাইয়াই আপাততঃ দ্রাস্ত হইলাম । যথা :—

১

‘হিমকর কিরণে নলিনী যদি জারব
কি কর্বি মাধবী মাসে ।
অঙ্কুর, তপন তাপে যদি জারব
কিরব বারিদ মোহে ॥’

২

‘হরি হরি কো ইহ-দৈব ছুরাশা
সিদ্ধ নিকটে যদি কণ্ঠ সুখায়ব
কো দূর করব পিয়ামা ॥
চন্দন তরু যব সৌরভ ছোড়ব
শশধর বরিষব আগি ।
চিস্তামণি সব নিজ গুণ ছাড়িব
কিমোর চরম অভাগি ॥’
শ্রাবণ মাহ ঘন বিন্দু না বরিষব
সুরবত বান্ধকি ছান্দে ।’

গৌড়ীয় যুগ সম্বন্ধে আর দুই একটা কথা বলিয়া শেষ করিব। গৌড়ীয় যুগ বঙ্গভাষাকে একটি নূতন জীবন দান করিয়া এক উন্নত সোপানে প্রতিষ্ঠা করিয়াছে সত্য, কিন্তু তাই বলিয়া যে ইহার বিরুদ্ধে কিছুই বলিবার নাই তাহা নহে। এই যুগে বহু কবি জন্মগ্রহণ করিয়াছেন; বহু প্রকারে অশেষবিধ বঙ্গভাষার শ্রীবৃদ্ধি করিয়াছেন এবং সঙ্গে সঙ্গে স্বকল্পিত, ভিত্তিহীন, জাতিহীন কয়েকটা শব্দ সৃষ্টি করিয়া বঙ্গভাষার চরণে অপবিত্র অর্ঘ্য দান করিয়া গিয়াছেন। পূজারীর অর্ঘ্য দানের দোষে বঙ্গভাষা কলঙ্কিত এবং পবিত্রতার দাবী হারাইয়াছে।

এই যুগে আমরা যাহাদিগকে শ্রেষ্ঠ কবি বলিয়া জানিয়া আসিয়াছি তাঁহাদের লিখিত কাব্য হইতে জাতিহীন কয়েকটা শব্দ দেখাইয়া চেষ্টা করিব।
বিজয় গুপ্ত—‘যেত্কে ; তেত্কে ; তুখা ; বড়ুয়া (বড়) পইতার--(প্রত্যয় করে) ; বাউরী।’

কৃষ্ণিবাস—‘টুট, এড়া, বহিন।’

সঞ্জয়, কবীন্দ্র, শ্রীকর নন্দী প্রভৃতি—‘নির্দ, কেহো, পাকার, বাও (বাতাস)
বোলাও, আইবেস্ত, করিলেস্ত, পড়িলেস্ত, পাল্টায় (কিরে)
লুইলুই, (হইকিনা), চিসক (কেন), নজীব (বাঁচিব না)

শ্রীকৃষ্ণ বিজয়—‘কাঁ বাকে জমাল করে বীর চেনের জোহার।’

পূর্ব ও পশ্চিম বঙ্গের ক্রিয়া পদ,—‘করিবু, করিমু।’

কুল গোঠেকে দেখিয়া দেখিয়া কুল না পাড়িবু

পাখী গোঠেকে দেখিয়া ডিনা না মারিবু।

পরের স্ত্রী দেখিয়া হাশু না করিবু

চণ্ডীদাস ও গুণরাজ খাঁও এইরূপ শব্দ প্রয়োগ করিয়াছেন। যথা ;—
‘করিবাও, যাইবাও, করিমু, করম।’

এরূপ সহস্র সহস্র উদাহরণ দেওয়া যাইতে পারে। বাস্তব্য ভয়ে ইহা হইতে বিরত হইলাম।

আমাদের নৌকা-ভ্রমণ

শ্রীমন্তোয় কুমার বন্দ্যোপাধ্যায়

(চতুর্থ বার্ষিক শ্রেণী)

১৫ই অক্টোবর শনিবার—রোজকার মত নৌকায় গিয়ে শুনলুম যে কালকে আমাদের ভ্রমণে যেতে হবে। কোথায় যাওয়া হবে আর কখন বার হওয়া হবে ঠিক হওয়ার পর আমাদের কাপ্টেন (captain) পরেশবাবু প্রত্যেকের উপর নির্দিষ্ট কার্যের ভার অর্পণ করলেন। ঠিক হ'ল মাখন ভোর বেলা ল্যান্ডাউন মার্কেট থেকে মাংস নিয়ে আসবে, নিরাপদ আনবে ষ্টোভ আর আমি আনব চাকি বেলন ইত্যাদি। বাকী আর সব, তাঁরা ঠিক করে নেবেন। সংখ্যায় আমরা আটজন (মহারথী ?) ঠিক হলেম। পাঁচজন আমরা চতুর্থ বার্ষিক শ্রেণীর একজন দ্বিতীয় বার্ষিকের একজন তৃতীয় বার্ষিকের আর একজন নিশিকাস্তবাবু, ভূতপূর্ব ছাত্র। আর একজন ছিল আমাদের নৌকার বালক-ভৃত্য তাকে আমরা অর্ধজন বলেই ধরে নিয়েছিলুম। ১৬ই অক্টোবর রবিবার—ভোর ৬টা টার সময় গিয়ে দেখি পরেশবাবুর দল ready কিন্তু মাখনের দেখা নেই। আরও আধঘণ্টা অপেক্ষা করলেম তবু তার সাক্ষাৎ মিলল না। আমরা তো মাথায় হাত দিয়ে বসে পড়লুম, হায় তারি হাতে যে আসল জিনিষ! শেষে আমি আর নিশিবাবু ছ'জনে তাকে একটু আগুবাড়িয়ে আনতে চলেম। প্রায় হাজরা রোডের নোড়ের কাছে তাদের দেখা মিলল; দিবিয়া গা ঢুলিয়ে আসছে, জানে তাকে ফেলে আমরা যেতে পারব না। পৌনে আটটার সময় নৌকা নকুলেশ্বর ভট্টাচার্য্যের ঘাট ছাড়ল। বেশ যাওয়া যাচ্ছিল, এমন সময় মাখনের কি খেয়াল হ'ল লগি ধরবে। খানিকটা লগি চালাতে চালাতে লগিতো গেল মাটিতে বেঁধে সঙ্গে সঙ্গে মাখনচন্দ্রেরও জল মধ্যে ঝপাৎ শব্দে পতন। জানা-কাপড় ভিজে ঝড়ো কাকটি হয়ে মাখনবাবু উঠে এসে সহানুভূতি লাভ করলেন সকলকার পরিহাস ও হাস্য। বেচারী তো রেগে অস্থির।

প্রায় ১০টার সময় আমরা প্রায় ৬ মাইল রাস্তা অতিক্রম করে কুদঘাটা এসে উপস্থিত হলুম। সেইখান থেকে টালির নালার নালা নাম সার্থক হয়েছে। সরু তিন হাত চওড়া নদীটি ঝিরুঝির করে বেয়ে চলেছে এঁকে বেঁকে সাপের মত, ছুধারে যতদূর দৃষ্টি চলে খালি সবুজ প্রান্তর নারিকেল আর খেঁজুর গাছে ভরা, উপরে শরভের নীল আকাশে দু' একটা চিল উড়ে

বেড়াচ্ছে ;.....বাস্তবিক ভারি সুন্দর। বাংলাদেশ যে ভাবুকের দেশ তা শুধু তার দেশমাতৃকার এইরূপ মৌন্দর্য্য গরিমায়। আমাদের সকলেই ছিলাম প্রায় অকবি কিন্তু তবু আমাদের মনও ভরে উঠল এই রূপসুধায়, মাথা আমাদের আপনা হতেই হেঁট হয়ে এল।

নদীর দুধারে আমাদের সুবিধা মত স্থান খুঁজতে খুঁজতে চলেছি এমন সময় একটা ছোট ঘর আমাদের নজরে পড়ল। ভারি আনন্দ হল এই ভাঙ্গা ঘরটা দেখে, কিন্তু নেমে দেখি, হরি হরি, এ যে ৩গদ্রাযাত্রীর ঘর। তখন আরও কিছু এগিয়ে গিয়ে আমরা এক কলা বাগান পেলুম। ভাবলুম বেশ হয়েছে রান্নাও চলবে আর কলাও খাওয়া যাবে। সেইখানে নৌকা নঙ্গর করা হল, ঘড়িতে তখন পৌঁনে এগাবটা।

হেঁটে ক'রে নেমে পড়ে খানিকটা যায়গা পরিষ্কার করা গেল। দেদার কলা পাতা কেটে একটা বসবার জায়গাও হ'ল। আমাদের মধ্যে জন চারেক গেল গ্রামের মধ্যে কিছু পাওয়া যায় কিনা দেখতে। আমরা রান্না করতে আরম্ভ করলুম। আমাদের সঙ্গে ছোটো ঠোঁভ আনা হয়েছিল, একটাতে মাখন মাংস চড়িয়ে দিলে (তাকে তখন খানিকটা চিনি আর জল খাইয়ে ঠাণ্ডা করা হয়েছিল) আর আমাতে আর নিশিবাবুতে ময়দা মাখতে শুরু করলেন।

ঘণ্টা দুই পরে পরেশবাবুরা ফিরে এলেন গোটাকতক ডাব আর বেগুন নিয়ে। শুনলুম নাকি তাঁরা পথে আসতে আসতেই অর্ধেক ডাব সাবাড় করেছেন। যাহোক আমাদের এক একটা দিয়ে তাঁরা বাকী গুলাও শেষ করলেন কেন না তাঁরা অনেক ঘুরেছেন, ভারি তেষ্ঠা। তাঁরা এসেই লাফালাফি আরম্ভ করলেন, কলার সন্ধানে কিন্তু ছুঃখের বিষয় সবই কাঁচা অবস্থায় দেখে তাঁরা রান্না চাকতে বসে গেলেন। ২১টা বেজে গেলেও আমাদের রান্না শেষ হয়নি কেন না তেল ফুরিয়েছিল। আবার নন্দবাবু আর নিরাপদ ওরফে পুঁটু ছুটল তেল আনতে ; এসে অবশিষ্ট দেখল আমরা পৌঁকাঠি জ্বলেই কাজ শেষ করেছি।

আটার সময় খেতে বসা হল। সে কি আমোদ এ ওর পাতে পরটা ছুঁড়ে দেওয়া, ও ওকে পেটুক বলা, পাশের পাত থেকে মাংস তুলে নেওয়া,.....যাঁরা না গেছেন তাঁদের কিছুতেই বোঝান যাবে না। সেই অবেলায় অর্ধ দণ্ড পরটা ভক্ষনে আমরা যা আনন্দ উপভোগ করেছি তা বোধ হয় আমাদের অনুপস্থিত বন্ধুরা সুসিদ্ধ পকাশ ব্যঞ্জনেও উপভোগ করতে পারেন নি। তাঁদের

জন্ম আমার জুখ হয়। আশাকরি ভবিষ্যতে এইরূপ নৌকা ভ্রমণ হতে নিজেদের বঞ্চিত করবেন না।

৪৯ টার সময় খাওয়া শেষ করে উঠা গেল। তখন সকলেই গৃহপানে মন ছুটেছে। সকলেরই গা এলিয়ে আসছে, চোখ জড়িয়ে আসছে, তবুও নৌকা টেনে বিপরীত স্রোতে যেতে হবে প্রায় সাড়ে সাত মাইল। ছুর্গা ছুর্গা করে বেরিয়ে পড়লুম। বন্দীপুরের (যেখানে আমরা নেমেছিলাম) উদ্দেশ্যে বলে এলুম “হে বন্দীপুর, মাঝে মাঝে তোমার কলা বাগানের মধ্যে বন্দী করে আমাদের এই রকম আনন্দ দিয়ো।” এবার ফেরার পালা তাই দূরও যেন শীঘ্রই শেষ হ’য়ে এল। ৬৯ টায় যেখানকার লোক সেখানে ফিরে এলুম। শেষে এইটুকু চুপি চুপি বলে দিই যে আমাদের মধ্যে মাখনই খেটেছে সবচেয়ে বেশী, তার পরেই পরেশ। তাদের ধন্যবাদ।

ব্যথিত-বন্দী

শ্রীখগেন্দ্রনাথ দাস।

(দ্বিতীয় বার্ষিক শ্রেণী)

(১)

দিবসের আলো মুছে যায় ধীরে
তিমির রজনী আসে,
কে তুমি পাস্থ—কণেক দাঁড়াও
বিজন এ কারা-পাশে।

(২)

অভাগার প্রতি কেহ কি করুণা
করিবে না এক কণা ?
তোমাদেরই আশে নিশিদিন জেগে
চেয়ে থাকি আনমনা।

(৩)

এক ধরণীর সম্মান মোরা
ফলে-জলে-স্নেহে তারি
মানুষ হয়েছি ভাই ভাই সবে
গলা ধরাধরি করি।

(৪)

একটা দিনের নিমেষের ভুলে
করে দিলে মোরে পর—
অপরাধীদের নরক-ছয়ার
এই সেই কারাগার।

(৫)

একটা প্রশ্ন শুধু জাগে মনে—
দোষের কি ক্ষমা নাই ?
ভাইএর পতনে হাত ধ’রে তারে
তুলিবে না কিগো ভাই ?

(৬)

পিচ্ছিল-পথে যেতে যেতে কারো
পদাঙ্কলন হ’লে,
পথ সন্ধান না দিয়া তাহারে
পঙ্কে দেবে কি ঠেলে ?

(৭)

স্বর্গ হইতে বিদায়ের শাপ
নির্যাতনের ভার—
পতিতে দলন—এই কি শাসন ?
এতেই শোধন তার ?

(৮)

মানুষ কি আর সোণা-রূপা ভাই
পোড়ায়ের করিবে খাঁচী ?
গন্ধের তরে চন্দন দহি'
পাবে ছাই আর মাটি ।

(৯)

ব্যথা যে দিয়েছে তারে ব্যথা দিলে,
খুনিকে বধিলে ভাই,
পশু ধর্মের প্রতিষ্ঠা সেথা—
মনুষ্যত্ব নাই !

(১০)

বিষেও হয়ত দেয় কভু প্রাণ,
বিষে হয় বিষ ক্ষয়,—
অমরতা দেয় অমিয়ার ধার
বিষের ক্ষমতা নয় ।

(১১)

মনের নিভূতে করুণা সুধার
পাষণ-রুদ্ধ ধারা
শত-উচ্চাসে বহুক ছুটিয়া
আকুল পাগলপারা ।

(১২)

প্রেমের পরশ মণির পরশে
সোণা হোক যত ধূলি—
ক্ষমা-সুন্দর-চক্ষে পাপীরে
বক্ষে লহ গো তুলি ।

যন্ত্রশিল্প বনাম উটজশিল্প ও শ্রমিক সমস্যা

শ্রীস্বনীলচন্দ্র সেনগুপ্ত

(চতুর্থ বার্ষিক শ্রেণী)

তৃতীয় ভাগ ।

মানুষের বুদ্ধিতে বাস্তবতার দিক দিয়া, মানুষের অভাব অভিযোগ বৃদ্ধি ও তাহার নিরাকরণকেই বলে সভ্যতা। ধনৈশ্বর্য, জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য, শিল্প-কলা, ব্যবসায়-বাণিজ্য, রণ-বিজ্ঞান প্রভৃতি বিষয়ে যে জ্ঞান যত উন্নত, তাহাকেই তত সভ্য বলা হয়। এই হিসাবে মানুষের সমাজ সভ্য সন্দেহ নাই। অথচ এই সকলের অন্তরালে মজুরের কত মর্মান্বন দীর্ঘশ্বাসই না হাহাকার করিয়া বেড়ায়। ধনীর অভ্রভেদী প্রাসাদের ভিত্তিতে মজুরের তথা শূত্রের কত বক্ষপঞ্জর যে স্তরের পর স্তর বিচ্যস্ত করিয়া আছে কে তাহার ধোঁজ করে ? ধনীর পুরুষাঙ্কুরে সঞ্চিত কুবেরের সম্পদ কত

দরিদ্রকে ক্ষুধার অগ্নি বঞ্চিত করিয়াই না বঞ্চিত হইয়াছে! ইতিহাস আমাদের নিকট রাষ্ট্রের যে ঐশ্বর্য্য বীৰ্য্য প্রভৃতি জনিত গৌরবের কথা বিবৃত করে তাহা সাধারণতঃ মধ্যবিত্ত শ্রেণীকে কেন্দ্র করিয়া।* অথচ এই সকল আড়ম্বরের বাহুল্যের নীচে শূদ্র-প্রধান মজুরের যে অক্ষুরস্ত ছঃখের ইতিহাস রহিয়াছে, সে সম্বন্ধে খুব বেশী খবর সে আমাদিগকে দেয় না। সমাজের এই সকল মামুলী গৌরবস্বস্তুর ভিত্তিভূমি যে ছঃখের অশ্রুধারায় শিথিল হইয়া যাইতেছে, তাহার নিরাকরণ না করিলে বর্তমান সমাজের জীবন-কাল বড় বেশী দিন বলিয়া মনে হয় না। রাষ্ট্রে রাষ্ট্রে যখন যুদ্ধ বাধে, তখন মজুরের কন্ঠ বড় কম হয় না। কিন্তু এই যুদ্ধ ত মজুরের স্বার্থরক্ষার জন্ত নয়। মজুর কখনও এই সকল যুদ্ধ বাধাইবার পক্ষপাতী নয়। তাহাতে তাহার স্বার্থ নাই। অধিকন্তু মজুর চায় সারা জগতের মজুরকে একত্র সংঘবদ্ধ করিতে। এই যুদ্ধ ধনীরা স্বার্থরক্ষার জন্ত যুদ্ধ। এক দেশের ধন-সম্পদ লুণ্ঠন করিয়া অন্য দেশের ধনীসম্প্রদায় বড় হইতে চায় বলিয়াই ধনীর হাতে ধরা রাষ্ট্রশক্তি এই সকল যুদ্ধ বাধাইতে বাধ্য হয়। বাহিরের এই সব মামুলী পরিচয়ের ভিতর হইতে সমাজের এই সমস্ত সত্য পরিচয় আজ বাহির হইয়া পড়িতেছে। ইহাই সমাজের সত্যকার ইতিহাস।

সভ্যতার প্রথম ক্ষুরণ হইতেই দেখিতে পাই যে, “জোর যার মূলুক তা’র।” অবশ্য জোর অর্থে এখানে কেবল সামরিক শক্তির কথাই বলিতেছি না। বিচ্ছিন্ন আত্মবিস্মৃত মজুররূপী শূদ্র-শক্তিকে সংঘবদ্ধ ব্রাহ্মণশক্তি চিরকাল পায়ের তলায় দাবাইয়া রাখিয়া তাহাকে সমস্ত সামাজিক দাবী হইতে বঞ্চিত রাখিয়াছে। (আজও মাদ্রাজ অঞ্চলে তাহার কতকটা রেশ টানা আছে) বিদ্যাশিক্ষার অধিকার, ধন সঞ্চয়ের অধিকার, প্রতিযোগিতায় আপন শ্রেষ্ঠত্ব অনুসারে প্রতিষ্ঠাল্যভের অধিকার প্রভৃতি যাবতীয় ব্যক্তিগত এবং সামাজিক দাবী হইতে স্বকপোল কল্পিত বিধিনিষেধের বলে ব্রাহ্মণ তাহাকে বঞ্চিত করিয়াছে; আর তাহার এই নিরর্থরতার সুযোগে কেবল শিখাইয়াছে যে, সে সেবা করিবে, কোন দাবী না রাখিয়া কেবল সেবাই করিবে। পরলোকের পাথেয় সংগ্রহ করিবার জন্ত। পার্থিব সর্বপ্রকার সুখ সুবিধা হইতে বঞ্চিত

* শ্রমিকের অসন্তোষ যখন রীতিমত আন্দোলন পর্য্যবসিত হয়, তখন তাহার সহিত অন্য শক্তির সংস্পর্শের কথায় ইতিহাস পক্ষ-মুগ।

এই Surplus valueর উপর অধিকার লইয়া অর্থনীতিকের দল যতই বাদাহুদাদ দরুদ, মোটের উপর ইহাকে তলোয়ারের বলে, মস্তিষ্কের বলে, সমাজলুণ্ঠন বলিয়া মনে হয়।

করিয়া তাহাকে কেবল 'অনন্ত পরলোকের' লোভ দেখান হইয়াছে। দুঃখের বিষয় সেই অনন্ত পরলোকের খবর আজ পর্য্যন্ত মানুষের জ্ঞানের আয়ত্তে আইসে নাই। তাই তাহার স্তোক বাক্যে মজুর আজ আর ভুলিতেছে না। আজ সে ইহকালের সমস্ত হিসাব নিকাশ সমস্ত দাবীদাওয়া বৃদ্ধিয়া লইবে। যুগে যুগে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই তিন শ্রেণীর দ্বারা যে সকল লজ্জাকর সামাজিক বিধিনিষেধের বলে সে এত মর্মান্তিক রূপে অত্যাচারিত হইয়াছে তাহাদের মহিমা কীৰ্ত্তন করিবার স্থান এ ক্ষুদ্র প্রবন্ধে নাই। প্রাচীন গ্রীস, রোম, এবং ইংলণ্ড সর্বত্রই ইহার নমুনা সমান। কোথায় বা স্থায়ী আইনে কোথাও বা লোকাচার এবং দেশাচারেই এই ব্যাপার পর্য্যবসিত হইয়াছে,— এই যা তফাৎ।*

বোঝা বহা মানুষের স্বভাব, কিন্তু “বোঝার উপর শাকের আঁটি” চাপাইলে তাহার ফুক হওয়া স্বাভাবিক। সনাতন কাল হইতেই সমাজের উচ্চশ্রেণীর সহিত নিম্নশ্রেণীর সম্বন্ধ নিতান্ত বিসদৃশ; তাহার উপর আজকার এই “কারখানা-শিল্প” (factory system of industry) এই সম্বন্ধকে আরও বিসদৃশ করিয়া মজুরের স্বন্ধে “বোঝার উপর শাকের আঁটি” চাপাইয়াছে।† সামাজিক নির্ধ্যাতনে ক্লিষ্ট মজুররূপী শূদ্রসমাজ এতকাল তাহার এই দুঃখ কষ্টকে নির্কিবাদেই স্বীকার করিয়াছে। কারণ গণশক্তি বড় একটা মান-অপমানের হিসাবনিকাশ খতাইয়া আদর্শের প্রেরণায় বিদ্রোহের ধ্বজা তোলে না। সমাজের ভিতরকার বৈষম্য যেন তাহার ধাত-সহ হইয়া যায়। কিন্তু তাহার পেটের ভাতে যখন টান পড়ে, তাহার কর্মহীন দিনগুলি যখন তাহাকে উপযুপরি উপবাসের মধ্যে ঠেলিয়া লইয়া যায়, আর সঙ্গে সঙ্গে তাহার এই উপায়-হীনতার সুযোগে ধনীর ধনগর্ভে জনিত নিশ্চম অত্যাচার শতপাকে তাহাকে জড়াইয়া ধরে, তখনই সেখানে বিদ্রোহের লেলিহান রক্তশিখা জ্বলিয়া উঠে। ধনী যতই যুক্তি তর্কের অবতারণা করুক না কেন, উচ্চবর্ণ যতই শাস্ত্রের এবং সামাজিক বিধিনিষেধের দোহাই দিক না কেন,—মানুষের অত্যাচার মানুষ চিরকাল মাথা পাতিয়া গ্রহণ করিবে, কোন জায় ধর্ম্মে কোন

* প্রাচীন গ্রীস এবং রোমে মজুরের কাজ সাধারণতঃ দাসেরাই করিত। এই সকল দাসকে তাহারা নাগরিকের অধিকার প্রদান করিত না। ইংলণ্ডে Edward VI এর সময়কার মজুর সংক্রান্ত আইন ও এই অবস্থার পরিচায়ক।

† সরকারী আইনের দ্বারা কারখানায় মজুরের দৈনন্দিন কাজের সময় নির্দিষ্ট করিয়া দেওয়াতে এই অতিরিক্ত ধাতুনি কতকটা নিধনিত হইয়াছে।

সত্যকার শাস্ত্রে একথা লেখে নাই। সামাজিক বিধিনিষেধের পরতে পরতে এই সমস্ত অশাস্ত্রীয় ব্যবহারের সমর্থন আছে সত্য, কিন্তু সে ত' স্বার্থপর ধনী ও উচ্চ বর্ণের সৃষ্টি। আর এও ত এক চিরন্তন সত্য যে, মানুষ বিধি ব্যবহারের জ্ঞান নয়, বিধি ব্যবস্থাই মানুষের জ্ঞান। তাই ত তথাকথিত প্রচলিত বিধি ব্যবহারের বিরুদ্ধে মজুরের কণ্ঠে আজ বিদ্রোহের রুজু বিধান বাজিয়া উঠিয়াছে।

শ্রমিকের এই বিদ্রোহের মধ্য দিয়াই সমাজের শুদ্ধ-শাস্ত্র সত্যকার রূপটিকে বাহির করিয়া আনিতে হইবে। তাই সংস্কারকের দল বলেন সামাজিক ব্যবস্থার সংস্কারের সঙ্গে সঙ্গে অর্থনৈতিক সমস্যার (বেকার সমস্যা) অস্বতম চাক্ষুষ কারণ যন্ত্রশিল্পকে এড়াইয়া চলিতে। ইহারা আধা বিপ্লববাদী প্রাচীন-পন্থী। ইহারা পরিবর্তন চাহেন না, চাহেন সংস্কার। যন্ত্রশিল্পের ইজারা মহল ইউরোপের মজুর এই যন্ত্রশিল্পকে এড়াইতে চাহে না। তবে সে কথা বলিবার পূর্বে প্রাচ্যের কথা ছই একটি বলিতে চাই।

বুদ্ধের কাছে নূতনের উদ্বোধন ধ্বনি তত ভাল লাগে না, যতটা লাগে নবীনের কাছে। জরাজীর্ণ বৃদ্ধ ভারতের সনাতন-পন্থী চান পুরাতনকে আঁকড়াইয়া ধরিতে। চিরাচরিত পুরাতন প্রাচীনকে হজম করিয়া লইয়াছে, সেখানে নূতনের স্থান নাই। যন্ত্রশিল্পের অমঙ্গল ও অপকারকে উপলক্ষ্য করিয়া যে সকল প্রাচীনপন্থী সংস্কারক তাহাকে নির্বাসন করিতে চায়, তাহাদের যুক্তি শ্রমিকের বেকার-সমস্যা, মজুরীদাসত্ব ও তাহার আনুযঙ্গিক অমঙ্গলকে কেন্দ্র করিয়া। তাহাদের যুক্তির সত্যতা, সমাজের বৈষম্যের দিকে চাহিলে অস্বীকার করিবার উপায় থাকে না। অতীতকে নবীনের যুক্তিকে ও ঠেলিয়া ফেলিতে পারা যায় না। নবীন বলেন;—মানুষ ক্রমাগত নূতনতর সত্যের দিকে আগাইয়া যাইবে। তাহার সভ্যতাকে অবরুদ্ধ জলস্রোতের মত গণ্ডীবদ্ধ করিয়া রাখিলে সে পচিয়া একেবারেই অচল হইয়া উঠিবে; যেমন হইয়াছে চীনে ও ভারতীয় সভ্যতায়। সংসারের কোন জিনিষই নিছক ভাল বা নিছক মন্দ নয়, সমস্ত ভালমন্দ মিশ্রিত। অমঙ্গলকে বর্জন করিয়া উহার মধ্য হইতেই কল্যাণকর সত্যকে টানিয়া তুলিতে হইবে। অনাগত অমঙ্গলের দোহাই পাড়িয়া যদি নূতনকে কেবলই এড়াইয়া চলা যায় তবে সেখানে সত্যের ও অনেকখানি অংশ বাদ পড়িয়া যায়। সে অবস্থায় সমাজ টিকে না। যন্ত্রশিল্প সমাজের যে অপকার করিয়াছে, সেটা শুধু তাহারই অবশ্যস্বাবী ফল নয়; সেখানে ধনীর এবং কারখানার মালিকের স্বার্থপর অঙ্গুলি সঙ্কত যথেষ্ট রহিয়াছে। মজুরের কাজের সময় কমাইয়া কাজের অনুপাতে মজুর নিয়োগ

এবং আনুসঙ্গিক অচ্ছাণ্ড উপায়ে বেকার সমস্যার সমাধান যে নিতান্ত না করা যায় তাহা নয়। তাই দোষ যন্ত্রশিল্পের নয়, দোষ কারখানার মালিক এবং ধনীর লুণ্ঠন প্রবৃত্তি এবং অন্ধ অভিজাত্য গর্বেব। যেখানে অহর্নিশি আকর্ষণ ভোগের মহোৎসব, সেখানে একের ভোগ অণুর উপর দারুণ অত্যাচার রূপেই যে ফুটিয়া উঠিবে তাহা অনিবার্য। যদি দূর করিতে হয়, তবে সেই স্বার্থপরতা লুণ্ঠন প্রবৃত্তি এবং সেই অভিজাত্য গর্বেকেই দূর করিতে হইবে। মানুষের সভ্যতা সচল বস্তু। সত্যলাভের জন্ত তাহার এই চিরন্তন অভিযানকে অনাগত অমঙ্গলের আশঙ্কায় পশ্চাতে ফিরাইয়া দেওয়া যায় না। তাহাকে চাপা দেওয়ার অর্থ মৃত্যু। মানুষ তাহার স্বাভাবিক সঙ্গ ও বৈশিষ্ট্য লইয়া নূতন-হইতে নূতনতর সত্যের দিকে অগাইয়া যাইবে,—ইহাই সৃষ্টির চিরন্তন নিয়ম বিবর্তন বাদ। তাহার চিন্তার ধারা নূতন নূতন ধারা বহিয়া মানুষের সভ্যতাকে ঐশ্বর্যমণ্ডিত করিবে; পুরাতনের বাধা বুলি লইয়া বসিয়া থাকিলেই তাহার চলিবে না। “শত কোটি বর্ষের প্রাচীনা পৃথিবী আজও তেমনি বেগে ধাইয়া চলিয়াছে, মানব-মানবীর যাত্রাপথের সীমা তেমনি সুদূরে; তা’র শেষ পরিণতির মূর্ত্তি ও তেমনি অজানা।” শুধু কি তাহার সভ্যতা এবং চিন্তার ধারাই চিরকালের মত শেষ হইয়া যাইবে? কে কবে কোন অজানা প্রয়োজনে নীতিবাক্য রচনা করিয়াছে, তাহাই হইবে চিরন্তন নীতিবাক্য আর এই নীতিবাক্যের ব্যর্থ বোঝায় যাহার প্রাণ ওষ্ঠাগত তা’র হৃদয়ের বাক্য হইবে মিথ্যা? ভগবানের সৃষ্টির ভাণ্ডার কি এমনই দেউলিয়া যে সেখানে নূতনের উদ্ভবের আর স্থান নাই? নূতনের আগমন যে নূতন সমস্যার জন্ম দিবে, এ’ত জানা কথা। এই নূতন সমস্যা নূতন অমঙ্গলকে স্বীকার করিয়াই চলিতে হইবে মানুষের অনন্ত শুভবুদ্ধির বলে তাহাকে নিয়ন্ত্রিত করিয়া।*

ভারতীয় এবং চীনের সভ্যতাকে গণ্ডীবদ্ধ করিয়া রাখা হইয়াছিল বলিয়াই বিশ্বসভ্যতার সহিত তাহাদের যোগসূত্র ছিন্ন হইয়া যায়। ফলে বিদেশী সভ্যতার সহিত সংস্পর্শে আজ তাহার এই শোচনীয় অবস্থা। বিশ্বসভ্যতার সহিত যোগসূত্রের ফলে একদিকে যেমন ভিতরকার দুর্বলতা ধরা পড়ে, অল্প-দিকে তেমনি নূতনের সহিত সংঘর্ষের ফলে সভ্যতার গোড়ায় রসের সঞ্চার হয়। এই আদান প্রদানেই সমাজে স্থায়ীত্ব, এখানেই মানুষী সমাজের বিশেষত্ব।

* যন্ত্রশিল্পের আনুসঙ্গিক অমঙ্গলকে দূর করিবার জন্ত সরকারী আইনের সাহায্যে কিছু কিছু চেষ্টা হইতেছে। কিন্তু এখন পর্য্যন্ত সেটা যেন একেবারেই খোড়াভালি। মূল নষ্ট করিবার চেষ্টা বিশেষ কিছু হয় নাই।

সারাজগৎ এই যন্ত্রশিল্পের অবলম্বন করিয়া শক্তির উচ্চতর ধাপে উঠিয়া যাইতেছে ; কাজেই পুরাতনকে আঁকড়াইয়া ধরিয়া থাকিলে শক্তিমানের সহিত প্রতিযোগিতায় তাহার টিকিয়া থাকাই দায় হইবে।† পুরাতনের দোহাই পাড়িয়া, স্বদেশীয় স্বজাতীয় বৈশিষ্ট্যের ধূয়া ধরিয়া প্রাচীন পন্থী, যতই প্রাচীরের মহিমা কীর্তন করুক না কেন, আজিকার সমাজ স্বদেশী বলিতে শুধু নিজস্ব জিনিষই বোঝে না ; স্বদেশী হউক আর বিদেশী হউক, যাহা স্বদেশের পক্ষে হিতকারী পুষ্টিকর তাহাই গ্রহণযোগ্য, তাহাকেই স্বদেশীয় করিয়া লইতে হইবে। আজিকার এই বিশ্বসভ্যতার দিনে স্বদেশীর ঐ সঙ্গীর্ণ ধারণা সমাজের কাছে অচল। তবে তাহাকে আপনার ছাঁচে ঢালাই করিয়া, তাহার আনুবঙ্গিক অমঙ্গলকে দৃঢ় হস্তে দমন করিয়াই তাহাকে গ্রহণ করিতে হইবে। তাই প্রতীচ্য এই নূতন শিল্প-প্রথাকে বর্জন করিতে চাহে নাই, ইহার আনুবঙ্গিক অমঙ্গলকেই দমন করিতে চাহিয়াছে।

সামাজিক বিবর্তন-বাদের ধারা অনুসারে আগামী যুগ শূত্র-প্রাধান্যের যুগ। অত্যাচার অবিচারেই জাতির শুভ্র পবিত্র বীর্যবান স্বরূপ প্রকাশিত হয়। হাজার বছরের অসংখ্য নির্যাতনের ফলে বিচ্ছিন্ন মজুরের দল দলবদ্ধ সঙ্ঘ-শক্তির মধ্যে আপনার শক্তির সন্ধান পাইয়া আজ আত্মপ্রকাশ করিতে উত্তত। তাই সে তথাকথিত সমস্ত বিধি নিষেধের ডোর, সমস্ত সংস্কারের বেড়া বাঁধন কাটিয়া সমাজের মধ্যে নিজের গৌরবের আসন সুপ্রতিষ্ঠিত করিবার জন্য সকল প্রতিকূলতার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিয়াছে। অষ্টাদশ শতাব্দীর ক্রাসী বিপ্লবে যে শক্তির সূচনা দেখা গিয়াছে, যে শক্তি রাশিয়ার এত বড় Bolshevik বিপ্লবের গোড়া পত্তন করিয়াছে, তাহার জের যে কতকাল থাকিবে কে জানে ? তবে ধনী যে তাহার আত্মসাৎ করা অধিকার স্বৈচ্ছায় ছাড়িয়া দিবে না, তাহা নিশ্চয়। চর্ম্মচর্মে ভগবানের সাক্ষাৎ মিলে কি না জানি না, কিন্তু এটা ঠিক যে, উৎপীড়িতের কর্ণেই ভগবানের সাজা মিলে। অত্যাচারিতের ব্যাকুল ক্রন্দন ভগবানের বুকে যে অশ্রুর বন্যা বহাইয়া দেয়, সে কাহাকেও রেহাই দিবে না। তাই বঞ্চিত পীড়িত বুড়ুকুর প্রাণঢালা বিপ্লব-সঙ্গীতের তালে তালে ভগবানের ধ্বংস-মুখর রথচক্রের ঘর্ঘর-ধ্বনি শুনা যায়। ধনীর বিরুদ্ধে প্রতিদিনকার ধর্ম্মঘটে, শ্রমিকের সংহতি শক্তির মধ্যে যে বৈপ্লবিক মনের পত্তন হইতেছে সে তার বিপ্লবের আওতনে সমস্ত দূষিত ব্যবস্থাকে পোড়াইয়া সমাজকে

† অবশ্য যন্ত্রশিল্পকে আমাদের দেশেও ঠিক ইউরোপীয় আদর্শে গড়িতে হইবে কি না, সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে।

নূতন আকারে গড়িয়া তুলিবে। এই জগ্গই সে নানা প্রকার মতবাদের সৃষ্টি করিয়াছে। Socialism, Communism, Bolshevism, Anarchism প্রভৃতি মতবাদ মজুরের এই সামাজিক বিপ্লবাত্মক চিন্তাধারার অবশ্যস্তাবী ফল। মজুরের এই বিরাট উত্থানকে পুঁজিতন্ত্রবাদী জগৎ গলা টিপিয়া মারিতে চায় সত্য কিন্তু মজুরের শক্তিও বড় কম নয়। সমস্ত দেশের মজুরেরই কনবেশী একই অবস্থা। কাজেই সমস্ত জগতের মজুরের মধ্যে একটা ঐক্য বন্ধন প্রতিষ্ঠিত হওয়ার আশা যথেষ্ট আছে। এই সংঘশক্তির বলেই সে দুর্জয় হইয়া উঠিতেছে। সশস্ত্র বিপ্লবকে অনেক সময় সঙ্গীনের খোঁচায় জ্বল করা যায় বটে, কিন্তু ভাব বিপ্লব (Revolution in Idea) দমনের ক্ষমতা মানুষের নাই। জগতের সমস্ত আন্দোলনের—সমস্ত বিপ্লবের ইতিহাস ইহার সমর্থন করে। তাই মনে হয় মজুরের এই বিশ্বব্যাপী বিপ্লব সামাজিক ও অর্থনৈতিক সমস্ত বৈষম্য—সমস্ত অত্যাচারকে ভাসাইয়া দিয়া জগতে সাম্যবাদের শুভ সূচনা করিবে, সমাজের সারা অঙ্গে প্রাণশক্তির সঞ্চার করিবে, বঞ্চিত বুভুক্ষুর চোখের জল মুছাইবে। ধনীর প্রদর্শিত ব্যক্তি-স্বাতন্ত্র্যবাদ (Individualism) এবং অবাধ প্রতিযোগিতা (Free competition) ব্যক্তিগত (অবশ্য অবস্থাপন্ন লোকের) প্রতিভার ফুরণের পক্ষে যেমন অত্যাশঙ্কক, তেমনি আবার দরিদ্রের বুদ্ধিপ্রতিভা কর্ম-শক্তি প্রভৃতি সকল ব্যক্তির ফুরণের পক্ষে বিষম অন্তরায়। এই জগ্গই মজুর চায়, ধনের উপর ব্যক্তিগত অধিকারের বদলে জাতিগত অধিকার স্থাপন করিয়া স্থায়ী সাম্যের প্রতিষ্ঠা করিতে। ধনীর সামাজিক আদর্শ শ্রেষ্ঠ কি মজুরের সামাজিক আদর্শ শ্রেষ্ঠ, সে বিচার করিবার সময় আজিও আইসে নাই; সে বিচার ভবিষ্যৎদংশ করিবে। তবে মনে হয় এ আদর্শ যেন মানুষের চিরস্থান অভিযানকে কতকটা অগ্রসর করিয়া দিবে। ভগবানের শুভ আশীর্ব্বাদে সেই ঈঙ্গিত অনাগতের রুদ্র আবির্ভাব কবে হইবে জানি না, কিন্তু নব্বীর সমস্ত বিদ্রোহী মন তাহাকে অভিনন্দন করিবার আশার উন্মুক্ত চিত্তে বসিয়া আছে।

“সমাপ্ত”

শেলী-স্মৃতি

শ্রীস্ববোধ বিশ্বাস

প্রেমের সাধক ওগো শেলী কোথায় তুমি এখন আজ
সদাই প্রাণে জাগে মোদের তোমার প্রেমের গীতি-রাজি
প্রেমের অঙ্গ ছিল তোমার প্রেম বিলাতে অবিরত
প্রেম-শোণিত বহিত তাতে নিব্বরেরই ধারার মত
প্রেম-সাগরে প্রণয়-তরীর অনুরাগের পাল তুলি
শ্রীতি-রূপী নায়ক তাহার ভাস্তে তুমি আপন তুলি
ধরার বৃকে প্রেমের সাড়া পাওনি তুমি জীবন ভোর
ব্যর্থ হল প্রেমের বাণী ঝরল কত আঁখি-লোর
তীব্র প্রেমের নিবিড় বেদন কপট নারীর ভালবাগা
করতো আকুল তোমার হিয়া দৃশু প্রাণের গোপন আশা
কোথায় গেলে ওগো প্রেমিক প্রেমের সুধা-পাত্র ফেলি'
মিটাতে বৃষ্টি প্রেমের পিয়াস প্রেমের রাজ্যে গেছ চলি ?
ফুরায়ে গেছে প্রেমের গীতি প্রেমের ধারা আর না করে
মধুর-ভাষী প্রেমের বাঁশী আর না বাজে ভুবন ভরে ।

কবীন্দ্র রবীন্দ্রনাথ

শ্রীমৌরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(দ্বিতীয় বাষিক শ্রেণী)

রবীন্দ্রনাথ শুধু বাংলার কবি নহেন, তিনি বিশ্বের কবি । তিনি বাংলা সাহিত্যে একটা নূতন যুগ আনিয়াছেন । তাঁহার উচ্চ আদর্শ ও গভীর কল্পনা আজ আমাদের এই হতভাগ্য দেশকে একটা নূতন আদর্শ দিয়াছে । তাঁহার মনস্তত্ত্ব বিশ্লেষণ করিবার ক্ষমতা অত্যাশ্চর্য্য । তিনি মানবের হৃদয়ের কোন গূঢ়তম অংশে কি আছে তাহা প্রকাশ করিতে অদ্বিতীয় । তাঁহার কবিতায় তিনি প্রাচ্য ও প্রতীচ্যের মিলন সাধন করিয়াছেন । ইউরোপ এতদিন যে তথ

খুঁজিতেছিল তাহা রবীন্দ্রনাথের কবিতায় তাহারা পাইয়াছে ; তাহা মানব-
জীবনের আদর্শ, ভারতের বাণী। রবীন্দ্রনাথ আমাদের সম্পদ, আমাদের
সম্মান, আমাদের গৌরব। তাই 'কবি' তাঁহার স্তব গাহিয়াছেন,

জগৎ-কবি সভায়, মোরা তোমার করি গর্ব,
বান্দালী আছি গানের রাজা বান্দালী নহে খর্ব।”

রবীন্দ্রনাথের প্রতিভা সর্বতোমুখী। কি গীতিকাব্যে, কি নাটকে, কি
প্রবন্ধে, কি উপন্যাসে, কি সমালোচনায় সকল বিষয়েই রবীন্দ্রনাথ বান্দালা
ভাষাকে সম্পদশালিনী করিয়াছেন।

তাঁহার কবিতাগুলি প্রধান কয়টি বিষয়ে বিভক্ত করা যায়, যথা :—
(১) প্রাকৃতিক। (২) ভগবদ্-প্রেম। (৩) বিশ্বপ্রেম। (৪) স্বদেশ-প্ৰীতি।
(৫) প্রেম (love).

রবীন্দ্রনাথের কবিতাগুলিতে প্রাকৃতিক সৌন্দর্য্য অতি চমৎকার। তাঁহার
ছায় প্রকৃতির সূক্ষ্ম দর্শক খুব কমই আছে। তাঁহার কবিতায় প্রকৃতির নগ্ন
সৌন্দর্য্য দেখিয়া দর্শক মুগ্ধ হইয়া যায় ? চণ্ডীদাস বলিয়াছেন—

“শুনহ' মানুষ ভাই।
সবার উপর মানুষ সত্য
তাহার উপর কেহই নাই।”

আমরা এ বাক্যটি রবীন্দ্রনাথের কবিতায় দেখিতে পাই, তিনি তাঁহার
কবিতায় দেখাইয়াছেন যে প্রকৃতির সহিত মানবের অতিশয় নিকট সম্বন্ধ—
একজন অস্ত্রের সাহায্য ব্যতিরেকে সর্বদাঙ্গসুন্দর হইতে পারে না। তিনি তাঁহার
কবিতায় হৃদয়ের গভীরতম ভাবের পরিষ্কৃত করিয়াছেন। এ বিষয়ে তিনি
Browning, Wordsworth প্রমুখ ইংরাজ কবি অপেক্ষা কোন অংশে কম
নহেন। প্রকৃতির অস্ত্রের তীব্র অনুভূতিটা তিনি এইরূপে ব্যক্ত করিয়াছেন—

“হু হু করি বায়ু ফেলিছে সতত দীর্ঘশ্বাস
অন্ধ আবেগে করে গর্জন জলোচ্ছ্বাস।

তাঁহার প্রাকৃতিক বর্ণনা কিরূপ প্রত্যক্ষ ইহা হইতে বুঝা যায় :—

মাতার কণ্ঠে শেফালি মালা
গন্ধে ভরিছে অবনী।
জলহারা মেঘ আঁচলে খচিত
শুভ্র যেন সে নবনী।”

“মেঘ গরজনে বরষা আসিবে
মদির নয়নে বসন্ত হাসিবে
আসিবে হাসিবে শরৎ-বালা ।”
“আপনি: আসি’ উষা শিয়রে বসি ধীরে,
অরুণকর দিয়ে মুকুট দেন শিরে,
নিজের গলা হ’তে কিরণ-মালা পুলি’
দিতেছে রবি-দেব আমার গলে তুলি’ ॥”

তিনি স্বয়ং জাগিয়া উঠিয়া প্রকৃতির দ্বারে গিয়া তাহার ঘুম
ভাঙ্গাইতেছেন :—

“নলিনী খোল গো অঁখি,
ঘুম এখনও ভাঙ্গিল না কি ?
দেখ তোমারি ছয়ার পরে
এসেছে তোমারই রবি ।”

Wordsworth এর ছায় তিনি প্রকৃতিকে কাব্যের মুখ্য বস্তু করিয়া মানবের
গৌরব ক্ষুণ্ণ করেন নাই। এ বিষয়ে তিনি Wordsworth অপেক্ষা বহু উচ্চে।

রবীন্দ্রনাথের ভগবৎপ্রেম শুধু একটা বিশ্বাস নহে সাক্ষাৎ অনুভূতি।
আজকাল তাহার আকৃতি দেখিলে মনে হয় যেন তাঁহার সহিত ভগবানের
সম্বন্ধ খুব নিকট হইয়াছে :—

“তোমায় জানি না শুনি না সে কথা কেমনে বলি ?”

আবার

“তোরা শুনিস্নি কি শুনিসনি তাঁর পায়ের ধ্বনি ?”

সে যে আসে, আসে, আসে।

ভগবানকে তিনি বলিয়াছেন “অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে চলবে
না।” “শ্রাবণ প্রভাতে ধারা-পাতের নির্জ্জনতায়” তাঁহার ‘হৃদয় দেবতা’ যেমন
দেখা দিয়া সরিয়া যাইতেছিলেন অমনি কবি বলিয়া উঠিলেন :—

“হে একা সখা, হে প্রিয়তম,

রয়েছে খোলা এ ঘর মম,

সমুখ দিয়া স্বপন সম

যেয়ো না মোরে হেলায় ফেলে।”

তিনি ভগবানের সার্বভৌতিক অস্তিত্ব সম্বন্ধে বলিয়াছেন :—

“রৌজ্জে, জলে আছেন সবার সাথে,

ধূলা তাঁহার লেগেছে ছই হাতে

তাঁরি মতন শুচি বসন ছাড়ি

আয় রে ধূলার পথে ।”

কবীন্দ্রের প্রতিভা সুন্দররূপে প্রফুল্লিত হইয়াছে তাঁহার বিশ্বপ্রেমে। তিনি তাঁহার প্রেম যেন বিশ্বমানবের তরে সঞ্চিত করিয়া রাখিয়াছিলেন। তাই কবির প্রাণ Russiaর ছর্ভিক্ষে কাঁদিয়াছিল। তাই কবির হৃদয় Japanর উন্নতিতে আনন্দিত হইয়াছিল। জগতের শ্রেষ্ঠ কবিদিগের আসনে তাই তাঁহার নাম উচ্চ শ্রেণীতে নির্ধারিত হইয়াছে। তাই আজ রবীন্দ্রনাথ জগৎবরেণ্য। তিনি বুঝিয়াছেন যে ঈশ্বরকে প্রেম দিতে গেলে বিশ্বকে আগে প্রেম দিতে হয়। তিনি ভারতকে সকলের সহিত মিলিতে উপদেশ দিয়াছেন। তাঁহার পিঞ্জরাবদ্ধ প্রেম আজ মুক্ত হইয়া দেশে দেশে ফিরিতেছে। তিনি এই বিশ্বপ্রেমের মধ্য দিয়া ভগবৎ প্রেমের দ্বারে উপস্থিত হইয়াছেন, তাই আজ তিনি মুক্তকণ্ঠে বলিতেছেন :—

“বিশ্ব সাথে যোগে যেথায় বিহারো

সেইখানে যোগ তোমার সাথে আনারো ।”

তিনি ভারতকে পৃথিবীর অচ্যুত জাতির সহিত মিলিতে বলিয়া বলিয়াছেন :—

“পশ্চিম আজি খুলিয়াছে দ্বার

সেথা হতে সবে আনে উপহার

দিবে আর নিবে, মিলাবে মিলিবে

যাবে না ফিরে

এই ভারতের মহামানবের

মাগর তীরে ।”

তিনিই আবার বলিয়াছেন :—

“আয় আয় আয়, আছে যে যেথায়

আয় তোরা সবে ছুটিয়া

ভাঙার দ্বার খুলেছে জননী

অন্ন যেতেছে লুটিয়া ।”

ইহাতে বুঝা যায় যে তাঁহার মনে কোন জাতির প্রতি অশ্রদ্ধা বা হিংসা নাই।

রবীন্দ্রনাথ দেখাইয়াছেন যে বিশ্বমানবের সহিত মিলনই ঈশ্বরের সহিত মিলন। তাই তিনি বলিয়াছেন :—

“সবারে মিলায়ে তুমি জাগিতেছ
দেখা যেন সদা পাই।
দূরকে করিলে নিকট, বন্ধু
পরকে করিলে ভাই।”

রবীন্দ্রনাথের স্বদেশপ্ৰীতি একটু নূতন রকমের। আমাদের দেশের ছেলেরা যাহাতে কুসংস্কারাচ্ছন্ন হইয়া দেশে নিরীহ ভাবে না বসিয়া থাকিয়া বিদেশে নিজের অন্নচিন্তার জন্ত, মানুষ হইবার জন্ত বাহির হয় তাহাই তাঁহার উদ্দেশ্য। তাঁহার মতে “যে ব্যক্তির জগতের সহিত আলাপ খুব কম, সে ব্যক্তির দ্বারা জগতের কোন উপকার হয় না। ইহা যে কতটা সত্য তাহা আজ আমরা মর্মে মর্মে অনুভব করিতেছি। কারণ আমরা দেখিতে পাই যে আমাদের নেতাদিগের মধ্যে কেহই তথাকথিত “নিরীহ” নহেন তাই রবীন্দ্রনাথ বলিয়াছেন :—

“হে স্নেহাৰ্ত্ত বঙ্গভূমি তব গৃহক্রোড়ে
চিরশিশু করে’ আর রাখিও না ধরে’।
দেশদেশান্তর মাঝে যার যেথা স্থান
খুঁজিয়া লইতে দাও করিয়া সন্ধান।
পদে পদে ছোট ছোট নিষেধের ডোরে
বেঁধে বেঁধে রাখিও না ভাল ছেলে করে”

তিনি ‘শিবাজী’কে বলিতেছেন :—

“সে দিন শুনিনি কথা—আজ মোরা তোমার আদেশ
শির পাতি ল’ব।
কণ্ঠে কণ্ঠে বন্ধে বন্ধে ভারতে মিলিবে সৰ্ব্বদেশ
ধ্যানমগ্নে তব।”

তাঁহার স্বদেশ প্ৰীতিপূর্ণ কবিতা পাঠে বুঝা যায় যে তিনি সার্বজনীন মিলনের পক্ষপাতী।

রবীন্দ্রনাথের প্রণয় যেন কতকটা স্বপ্নের মত। তিনি যখনই তাঁহার “বন্ধু”র সঙ্গে প্রেম করেন কিংবা তাহার জন্ত যখনই অপেক্ষা করেন তখনই যেন

তিনি কল্পনার রঙ্গীন স্বপ্নরাজ্যের অধিবাসী। তাঁহার কল্পনার প্রভাব অত্যাশ্চর্য্য। তিনি 'যৌবনে' তাহার প্রিয়ান জ্যেষ্ঠ ব্যাকুল হইয়া বলিতেছেন :—

“কে আমারে করেছে পাগল—শূন্যে কেন চাই অঁাখি তুলে,
কোন উর্ধ্বশীর অঁাখি চেয়ে আছে আকাশের মাঝে।”

পবিত্র প্রেম যে শুধু রূপে হয় না তাহা তিনি স্বীকার করিয়াছেন। প্রাণের গুপ্ত প্রেম কিরূপ তাহা তিনি বলিয়াছেন :—

“লুকানো প্রাণের প্রেম পবিত্র সে কত
অঁাধার হৃদয় তলে মাণিকের মত জ্বলে
আলোতে দেখায় কাল কলঙ্কের মত।”

তিনি তাঁহার বধূকে আহ্বান করিতেছেন :—

“কত যে বরণ, কত যে গন্ধ
কত যে রাগিনী কত সে ছন্দ,
গাঁথিয়া গাঁথিয়া করেছি বরণ
বাসর-শয়ন তব।

গলায়ে গলায়ে বাসনার সোণা
প্রতিদিন আমি করেছি রচনা
তোমার ক্ষণিক খেলার লাগিয়া
মূর্তি নিত্য নব।”

তাঁহাদের মিলন সময়ে বিশ্বের কি দৃশ্য হইবে তাহা তিনি বর্ণনা করিতেছেন :—

“তোমায় আমায় মিলন হ'বে ব'লে
যুগে যুগে বিশ্বভুবন তলে
পরাণ আমার বধূর বেশে চলে
চিরস্বয়ম্বর।”

রবীন্দ্রনাথ আজ বিশ্বকবি—শুধু তাঁহার অপূর্ক্ব প্রতিভাবলে। তাঁহার পদ্য, প্রবন্ধ ও উপন্যাসগুলি জগৎ বরণ্য। হে কবীন্দ্র, তোমায় মোরা করি নমস্কার।

গির্যকম্

শ্রীনৃপেন্দ্র নাথ চক্রবর্তী

(চতুর্থ বার্ষিক শ্রেণী)

নবরৌপ্যাবিনিন্দিত কাঙ্ক্ষিত্যুতাং
নবচন্দনচর্চিত দেহলতাম্ ।
নব যৌবন পূরিত কায়তটাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥১

সিতসুন্দর পঙ্কজলগ্ন-পদাম্
সুরকাজ্জী কুঙ্কুম গন্ধপ্রিয়াম্ ।
গুণগন্ধ বিমোদিত দিগ্বলয়াং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥২

বিমলেন্দু পরাজিত শুভ্রমুখাং
ঘনানিন্দিত শ্যামলকুণ্ডলকাম্ ।
কবিগুণন পূজিত পাদযুগাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥৩

পিকরাজনিনাদিত কুঞ্জ প্রিয়াং
করপদমধুক্ষর যন্তুযুতাং ।
ধনধর্ম প্রদায়িনি ! মুক্তিপ্রদাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥৪

মধুমুর্দ্ধি বিরাজিত ভৃঙ্গগণাং
মধু খঞ্জন গঞ্জন নেত্রযুগাম্ ।
মধুপুষ্প বিনির্ম্মিত মাল্য বরাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥৫

সিতবাস বিমণ্ডিত গীতি প্রিয়াং
ঘনপীন কুচাঘিত হান্স পরাম্ ।
ভবভূতি সুসাধন সাধ্যত মাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥৬

শতপাপ ভয়াপহ দীনদয়াং
জগদ্ভব পালন নাশ পরাম্ ।
মধুমৈত্র প্রদায়িনি ! সাম্যপ্রদাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥৭

শতসাধকবান্ধব বাহিতদাং
গুরুগেহ নিবাসিনি যামশিখাম্ ।
নবজাগ্রত ভারত-মান্ন্য বরাং
প্রণমামি গিরং খলু ব্রহ্মকলাম্ ॥৮

সিলভাজ

(পূর্নাহুত্তি)

শ্রীফণীন্দ্র কুমার নন্দ

(চতুর্থ বার্ষিক শ্রেণী)

এখন দেখিতে হইবে এই Selvasএর ভৌগোলিক রাজ্যে স্থান কোথায় ? উহার সহিত অপরাপর দেশের কি সম্পর্ক আছে ? ভৌগোলিক হিসাবে Selvas পৃথিবীতে প্রথম স্থান অধিকার করে বলিলে অত্যুক্তি হয় না। কারণ Selvasএর মত বড় সুবৃহৎ অরণ্যানী পৃথিবীর কুত্রাপি দৃষ্ট হয় না, তাহার পর উহা জীব জন্তু ও উদ্ভিদ বিষয়ে, এক island continentএর পরই শ্রেষ্ঠ স্থান অধিকার করে। এই সকল এতই বিভিন্ন প্রকৃতির, যে যতই জানা যায় ততই মনে হয় নিত্য নূতন। এখানে 'পুরাতন' শব্দটা যেন জগতের অভিধান হইতে চলিয়া গিয়াছে বলিয়া মনে হয়, সেইজন্য পৃথিবীর বহু চিন্তাশীল ও বৈজ্ঞানিক স্বকীয় জ্ঞান পিপাসা পরিতৃপ্তির জন্য সতৃষ্ণ নয়নে উহার দিকে চাহিয়া রহিয়াছেন। তাহা ছাড়া এক Amazon, নদী হিসাবে পৃথিবীতে শ্রেষ্ঠ স্থান অধিকার করে। তাহার বিশাল জলরাশি ও Basin দেখিলে মনে যুগপৎ ভয় ও জিজ্ঞাসুভাবের সৃষ্টি হয়। সেই হেতু আমরা অল্পান বদনে Selvasকে ভৌগোলিক রাজ্যে শ্রেষ্ঠ স্থান দিতে পারি। এই হিসাবে Selvas প্রাচীন জগতের সহিত একসূত্রে গ্রথিত। অতীতকালে দেখিলে দেখা যায় যে উহার সহিত আমাদের সম্পর্কের বড়ই অভাব, কারণ এখানকার অসভ্য জাতি বর্তমান সভ্যতার সহিত সামঞ্জস্য রাখিয়া চলিতে পারে না। তাহাদের জ্ঞানের পরিধি অতীব সঙ্কীর্ণ। সেই সঙ্গে Selvas মানবের অগম্য ও ভয়াবহ বস্তুতে পরিপূর্ণ এবং সম্পূর্ণরূপে নূতন জগতে অবস্থিত। সেইজন্য বলা যায় যে উহা কতকটা নিভৃত জীবন যাপন করিতেছে। এখানকার জলবায়ু কতকটা নূতন রকমের, তাহা ছাড়া এখানকার উদ্ভিদাদি আমাদের সম্পূর্ণ অপরিচিত থাকার দরুণ আমাদের দৃষ্টি হইতে সাধারণতঃ দূরে থাকে, সেইজন্য আকর্ষণ কতকটা শিথিল হইয়া আসে। কিন্তু পূর্বেক্ত আকর্ষণের তুলনায় এই বিকর্ষণ কিছুই নহে।

বিশেষ তন্ন তন্ন করিয়া দেখিলে দেখা যায় যে দক্ষিণ আমেরিকার উপর Selvas একটা বিশেষ পরিবর্তন আনয়ন করিয়াছে। দেখিব যে উহা দক্ষিণ

আমেরিকার ভৌগোলিক গঠনও ভূপ্রকৃতির যথেষ্ট পরিবর্তন সাধন করিতেছে। তাহা কোন রূপে অস্বীকার করা যায় না। তৎসঙ্গে Selvas পাশ্চাত্য সভ্যতাকে উক্ত মহাদেশ হইতে মোটামুটি ভাবে পৃথক করিয়া রাখিয়াছে। জীব জন্তুর উপর যথেষ্ট আধিপত্য বিস্তার করিয়াছে। মোটের উপর Selvas না থাকিলে দক্ষিণ আমেরিকার অবস্থান পূর্ণভাবে বিপরীত হইয়া যাইত, বোধহয় জগদীশ্বরের তাহা অভিপ্রেত নহে। এই Selvas রাজনৈতিক উদ্দেশ্যের উপরও কতকটা আধিপত্য স্থাপন করিয়াছে। কারণ এই Selvasএর জন্য Brazil গভর্নমেন্ট পশ্চিম ও দক্ষিণ হইতে একরূপ নিশ্চিন্ত হইয়া আছেন। Selvas আদিম অধিবাসীদের মধ্যে রাজনৈতিক ভাব প্রচারের বিরুদ্ধে থাকায়, এত বড় দেশ আরও থাকার পক্ষে সুবিধা হইয়াছে। এখানকার মূল্যবান বনসম্পদ Brazilএর এক বিশাল ধনভাণ্ডার, তন্মিয় Selvas গবাদি গৃহপালিত পশুদিগকে তৃণক্ষেত্র সরবরাহ করে। এইরূপ নানা সাহায্য দ্বারা Selvas Brazilএর উপকার সাধন করিতেছে। ইহা ছাড়া জলবায়ুর সমতা আনয়ন করিয়া Selvas Brazil এর আর একটি মহোপকার সাধন করিতেছে। তাই একজন ভৌগোলিক বলিয়াছেন "Selvas is the wealth of Brazil"

এখন দেখা যাউক Selvas না থাকিলে দক্ষিণ আমেরিকার কি অসুবিধা হইত। প্রথমতঃ Brazilএর বনসম্পদ হিসাবে কিছু থাকিত না, ভৌগোলিক জগতে ও তাদৃশ আদরণীয় হইত না, Selvas না থাকিলে Brazilএর জনবায়ু অতিরিক্ত গ্রীষ্মপ্রধান হইয়া উঠিত। Brazilএর রাজনৈতিক অবস্থা অস্থায়ী দেশের ছায় অধিকতর মেঘাচ্ছন্ন হইয়া থাকিত। প্রকৃতির এই নৈসর্গিক শোভা আর থাকিত না, দক্ষিণ আমেরিকার মধ্যে আর একটি নূতনত্বের ভাব জগতের সম্মুখে ফুটিয়া উঠিত না। তৎসঙ্গে শীতের প্রকোপ বৃদ্ধি পাইত, গবাদি গৃহপালিত পশু, যাহার জন্য দক্ষিণ আমেরিকার মাখন ও পশম প্রসিদ্ধ তাহা ও আর তাদৃশ থাকিত না। যদি প্রকৃতই Selvas না থাকিত, Brazil কে যে নানা অসুবিধা ভোগ করিতে হইত সে বিষয়ে সন্দেহ নাই।

এখানে মনে স্বভাবতঃই প্রশ্ন উঠে যে পৃথিবীর এক এক বিশেষ জায়গায় কেন এই প্রকার নূতন সৌন্দর্য্য বা দৃশ্য দেখা যায়; অর্থাৎ কেন পৃথিবীর সর্বত্র না হইয়া, একরূপ বিশাল সমতল অঞ্চল ও বনভূমি কোন কোন স্থানে দৃষ্ট হয়? তাহার উত্তর দিতে হইলে আমাদের একটু চিন্তাপূর্ব্বক পৃথিবীর ভূতত্ত্ব ও গঠন প্রণালীর আলোচনা করিতে হইবে। নানা জটিল ভৌগোলিক

कारणे समतल अकल सृष्ट हईयाछे । तवे एई Selvas एर सृष्टि र कारण एई ये, एई विशाल समतल भूमि पृथिवीर सर्बश्रेष्ठ नदी Amazon द्वारा सृष्ट । इहा भौगोलिकगण नाना प्रमान हईते स्थिर करियाछेन । सेई जन्त उहाके Riverplain बले, तंसद्धे उहाके Developed Peneplain ओ बला याईते पारे । ये हेतु उहा Peneplain एर त्वाय सृष्ट हईयाछे । किरूपे Peneplain सृष्ट हय ताहार उल्लेख अनावश्यक ।

एई Peneplain अथवा Riverplain प्रति बंसर एकाधिक बार बच्चाद्वारा विधोत हय, ओ सद्धे सद्धे पली माटी पतित हईया खुब उर्बर ओ उच्च हईया उठे । कालक्रमे नाना वृक्षादि उंपन्न हय । उहार उपर ओ पुनःपुनः बच्चा हय एवं उष्टिदेर शनैः शनैः वंश वृद्धि हय । एदिके कोन मनुष्य आवास ना थाकार उहारा अव्याहत भावे वृद्धिप्राप्त हय एवं फले उहा अरण्ये परिणत हय । कालक्रमे गभीर हईते गभीरतर हईया दुर्बेष्ठ ज्दले परिणत हय । इहाई Selvas एर उंपत्तिर धारावाहिक स्तर । सृष्टि र प्रथम हईते एखाने ये एई महारण्य छिलना ताहा निःसन्देहे बला याईते पारे । काले ओ प्रकृतिर विचित्र गतिते उहा वर्तमान अवस्थाय परिणत हईयाछे ।

आमरा जानि सर्बप्रथमे ईटाली देशीय नाविक कलथसु स्पेनेर राजा कार्डिनाओ ओ राणी इजाबेलार अनुमति क्रमे १४९२ ख्रीष्टाब्दे West Indies द्वीपावली आविष्कार करेन तंपरे Spaniards गण दक्षिण आमेरिका क्रमाद्ये आविष्कार करिया Amazon नदीर उपत्यकार तंपरे Selvas ओ Peru एर अस्तुर्गत Incan ओ Indian देर नाना प्रकार अमानुषिक निर्यातन द्वारा बहु धन रत्न हस्तगत करेन । मानुष ये मानुषेर उपर एत निर्यातन करिते पारे ताहा विश्वास करा कठिन । एई Spaniard गण कुरुर द्वारा पलातक Indian क्रीतदासके भक्षण कराईत, इहा अपेक्षा पैशाचिक व्यापार आर कि हईते पारे । एई निर्यातन, Spaniard गण वर्तमान समस्त देशेर दण्डमुणेर कर्ता हईयाओ एकेवारे कमाय नाई । एमन कि गर्भिणीगणेर उदर चिरिया सन्तानेर अवस्थान देखा हईत, Indian देर गृह भस्मसां करा हईत, उहार साक्ष्य आमरा "Travel in Peru" "Travel in the vally of Amazon" इत्यादि श्वेताक्ष-लिखित पुस्तकेई पाओया याय । इहारा आवार सद्भा ज्ञाति बलिया बड़ाई करे, आर आमाराओ ताहाई निर्विकारे मानिया लई ।

বর্তমান Selvas, Brazilএর অন্তর্গত, উহা Spaniardদের উপনিবেশ, যেহেতু Spaniardগণই Spain হইতে আমেরিকা আবিষ্কারের পর তথায় গিয়া বসবাস করে। উহা এখন পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বৃহৎ প্রজাতন্ত্র দেশ, বর্তমান Spainএর সহিত উহার কোনই সম্পর্ক নাই। বর্তমান কর্তৃপক্ষগণ Selvasকে আপনাদের আয়ত্বাধীন করিতে সম্পূর্ণরূপে চেষ্টা করিতেছেন, এখনও Spaniard দের দারুণ ঘৃণার পরিচয় আমরা কর্ণেল সুরেশ বিশ্বাসের জীবনী হইতে পাইতে পারি। এখনও বহু Indian অজ্ঞাত ভাবে Selvas এর মধ্যে অবস্থান করিতেছে; যদিও তাহারা এক সময় উক্ত Spaniard দের সৌভাগ্যের একমাত্র মূলীভূত কারণ ছিল। এই অধিবাসীদের দ্বারাই Spaniard গণ Selvas লইতে পারিয়াছে। ক্রমশঃ পথ ও রেলওয়ে বিস্তার হইতেছে, নূতন সভ্যতার যুগে নদী সমূহ বাণিজ্যের কেন্দ্র হইয়া উঠিতেছে। তদনুসারে নানা নগর গড়িয়া উঠিতেছে, যেহেতু Selvasএর মধ্যে যাতায়াতের দ্বিতীয় পথ নাই, এই নদীই একমাত্র সহায়।

এই সুবৃহৎ অরণ্য পৃথিবীর অষ্টমাশ্চর্য্য বলিলে অত্যুক্তি হয় না। ভূতত্ত্ববিদ বহু গণিতগণ স্বীয় জ্ঞানপিপাসার শান্তির তথা ভগতের শান্তির জন্য উহার নূতনত্ব সম্বন্ধে এবং উহা হইতে নানা তথ্য বাহির করিবার জন্য সর্বদা গবেষণা ও পর্য্যবেক্ষণ করিতেছেন, তাহারা বংশানুক্রমে তথ্যানুসন্ধান ব্যস্ত আছেন, এবং প্রতি নিয়তই নবশিক্ষণীয় বিষয় বাহির করিতেছেন। উহা তাহারা পৈতৃক সম্পত্তির ছায় উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হইতেছেন। এখানে উদ্ভিদ-বিদগণের জন্য উদ্ভিদ; প্রাণীবিদগণের জন্য জীব জন্তু; ভূতত্ত্ববিদগণের জন্য মৃত্তিকা, এবং ভৌগোলিক দিগের জন্য সমগ্র অঞ্চল সর্বদা স্ব স্ব নূতনত্ব লইয়া উন্মুক্ত রহিয়াছে। মনে হয় যেন শিক্ষার সঞ্চয় ভাণ্ডার আমাদের দ্বারে দ্বারে ভ্রমণ করিতেছে। কিন্তু আমরা এতই মুর্থ যে উহার সমাদর করি না। এই জ্ঞান সংগ্রহ ও প্রচারার্থ ইউরোপ ও আমেরিকায় বহু সভা সমিতি ও প্রতিষ্ঠান গভর্ণ-মেন্টের অধীনে উন্মুক্ত আছে। তন্মধ্যে Royal Geographical Society, Western Geological Association, Berlin Geological Research Society, New world Geographical Research Association প্রভৃতি বহু প্রতিষ্ঠান এই কার্য্যে ব্রতী আছে এবং ক্রমশঃ সফলকাম হইতেছে, এ সম্বন্ধে H. W. Bates এর "Naturalist in the Amazon" পাঠে বহু তথ্য পাওয়া যায়।

এই সুদীর্ঘ প্রবন্ধের উপসংহারে আমি মাত্র এইটুকু বলিতে চাই যে যাহা লিপিবদ্ধ হইল তাহা আংশিক আনুমানিক কারণ এ পর্য্যন্ত কোন আবিষ্কারক আমাদের সঠিক সংবাদ দিতে পারেন নাই। সুতরাং ক্রটি কেবল আমার নহে এ বিষয়ে শীর্ষস্থানীয় ব্যক্তিগণের ক্রটি যথেষ্ট আছে। তাহার একমাত্র কারণ, যে জায়গায় যাওয়ার বা অনুসন্ধানের বিশেষ সুবিধা নাই বরং বিপদ আছে, তাহা প্রায়ই অনিশ্চিত ও আনুমানিক হয়, কিন্তু কাল্পনিক নহে, এজন্য আমাকে আরও নিরাপদ করিবার জন্য নিম্নলিখিত অংশ Vally of 'Amazon' হইতে উদ্ধৃত হইল "Lack of information regarding geographical features of the interior however due to some indefinite description" সুতরাং এই ক্রটি সুধীগণ কর্তৃক মার্জ্জনীয়।

এই Selvas এর নিমিত্ত বহু দেশ হইতে নানা প্রতিনিধি নানা ভাবে নূতন তথ্য সংগ্রহ করিতেছেন অথবা করিতে চেষ্টা করিতেছেন এবং সঙ্গে সঙ্গে জ্ঞান ভাণ্ডার সমৃদ্ধ করিতেছেন। তাহারা উহা হইতে কি ব্যবহারিক উপকার পাওয়া যাইতে পারে তাহা স্বীয় কার্যে প্রয়োগ করিতেছেন, অথবা কোন নূতন বস্তু যাহা আমাদের নাই তাহা আনিয়া অথবা পূরণ করিয়া দেশের শ্রীবৃদ্ধি সাধন করিতেছেন। উদাহরণ স্বরূপ Sir Walter Raleigh এর তামাক ও আলুর চাষ বলা যাইতে পারে। ফলতঃ বিদেশের নূতন বস্তু না দেখিলে প্রকৃত শিক্ষাই হয় না। এজন্য প্রকৃত পক্ষে সাহস, ধৈর্য্য, অর্থ পরিশ্রম ও উদ্যোগিতা চাই নতুবা কিছুই হয় না। এই প্রসঙ্গে আমার একজন্ম Presidency College এর বিজ্ঞ বন্ধুর কথা উল্লেখ করিতেছি। একবার আমার প্রশ্নের উত্তরে বন্ধু বলেন যে Geology Honours দ্বারা (কারণ তিনি লইয়াছেন) India government এর Forest Department এ সহজে প্রবেশ করা যাইতে পারে। তাহাতে খুব ভাল Prospect ও আছে। আমি তাহার উত্তরে বলিলাম Forest Department এর function কি? তাহার সহিত বাস্তবিক অন্য দেশের forest এর কি সম্পর্ক আছে? আমার এই প্রশ্নগুলি শুনিয়া বন্ধুর নিস্তক্ক রহিলেন। এইখান হইতে দেখা যায় আমাদের দেশের Range of experience কত, কারণ যাহা জীবনের সহিত জড়িত থাকিবে অথবা যাহার উন্নতির উপর নিজের উন্নতি নির্ভর করিতেছে তাহাও আমাদের জানা নাই, অথচ আমরা মুখে সর্ব্বজ্ঞ বলিয়া বড়াই করি। ইহা অপেক্ষা নিজের ঘৃণা ও আক্ষেপের বিষয় আর কি আছে? তাই বলিয়াছি আমাদের দেশের ছাত্রদের

ব্যবহারিক জ্ঞান অতীব সঙ্কীর্ণ। চিন্তা করিলে অপ্রীতিও দেখি যে আমরা সংসারে যখন নামি তখন ইউনিভার্সিটি হইতে উদ্ভিদ বিদ্যায়, ভূতত্ত্বে, এবং ভূগোলের নানা উপাধি আমাদের মস্তকে শোভিত থাকে, ইহার সার্থকতা কোথায়? B. N. R., E. B. R প্রভৃতি রেলওয়ে কোম্পানী বাহুল্যের তথা সমগ্র ভারতের বহু বনবিভাগ আগে হইতে অধিকৃত করিয়া নিজেদের অজস্র ক্ষতিপূরণ করিয়াও ব্যবসায় বিলক্ষণ লাভবান হইতেছেন। কিন্তু আমাদের সেদিকে দৃষ্টি নাই। অথচ আমরা সে বিভাগে যাইলে যথেষ্ট উন্নতি করিতে পারিতাম। অধিক কি আমাদের সুন্দর বনের কাঠের কর্তৃত্ব লইয়া কত নিরক্ষর কৃষক কত টাকা যে দৈনিক রোজগার করিতেছে তাহার খবর রাখে কে? আমরা কিন্তু সে বিষয়ে তাহাদের অপেক্ষা সহস্রগুণে অধিক কৃতকার্য হইতে পারিতাম। কিন্তু উহা নাকি আমাদের ধাতে নয় না। নয় বিদ্যায়তন হইতে Writers building পর্য্যন্ত ঘর্ষাক্ত কলেবরে পায়চারি ও তোষামোদ করা। আজকাল আমরা পণ্ডিত-মূর্খ হইয়া পড়িয়াছি। তাই জিজ্ঞাসা করিতে ইচ্ছা হয় এই ভীষণ রোগ শোকের ও দারিদ্র্যের যন্ত্রনা আমরা ছাড়া কি ভোগ করিবে এই স্বাবলম্বী, স্বাধীনচেতা ইংরাজ জাতি? জানি না ইহার উত্তর কে দিবে।

অন্তর্যামী

শ্রীশিবশঙ্কর রায় চৌধুরী

(দ্বিতীয় বাধিক শ্রেণী)

মুখ পানে চেয়ে চেয়ে
সারা বেলা গান গেয়ে
কি কথা যে করে গেল
নাহি জানি আমি,
ভাবে তবে বোঝা গেল
আর কেন সন্ধ্যা এল
প্রাণে বড় বাথা দিল
ওগো! সে কি অন্তর্যামী?



EDITORS :

1924—Prof. Mohinimohan Mukherji, M.A.

1925—Basudev Banerji

1926— { Bibhas Rai Chaudhuri
 { S. Raghavachari

1927— { Subodh Biswas
 { Dhiren Lahiri
 { Satiranjana Banerjee

Annual Subscription in India including postage : Rs. 2-4 0.
Foreign : 4 shillings. For ex-students of Asutosh College :
Rs. 1 8-0. Single Copy : 0-8-0.

RADHA RAMAN BANERJEE.

Late Head Surveyer and Valuer
to the

Land Acquisition Collector's office, Calcutta.

(18 years experience.)

Under takes :

All sorts of valuation and survey works
for use in

Land Acquisition Collector's office, Improvement
Trust office and Tribunal and in the
Corporation of Calcutta.

and also makes :—

Partitions, Demarcations, Designs and Plans
for
Buildings, lands etc., etc.

and undertakes :

General supervision and contract works and general
order suppliers in Calcutta and Suburbs.

Address :

RESIDENCE—

3, Kalighat Road, Bhowanipur,
CALCUTTA.

OFFICE—

8/2, Hastings Street
Room No. 23 (ground floor)
CALCUTTA.